

ভক্তদের সুখবর দিলেন তানজিন তিশা -পৃষ্ঠ-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৩৪ ঃ মেহেরপুর-শনিবার ৬ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ২২ ভাদ্র ১৪৩২ বাংলা ঃ ১২ রবি,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



## পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) আজ

নিজস্ব প্রতিবেদক

আজ শনিবার, ১২ রবিউল আউয়াল। এ দিন মানব জাতির শিরোমণি মহানবী হজরত মুহম্মদ (সা.) এর জন্ম ও ওফাতের দিন।
এ দিনটি মুসলিম উম্মাহর কাছে পবিত্র ঈদ-এ মিলাদুন্নবী (সাঃ) নামে পরিচিত। প্রায় এক হাজার ৪০০ বছর আগে এই দিনে আরবের মরু প্রান্তরে মা আমিনার কোল আলো করে জন্ম নিয়েছিলেন বিশ্বনবী হজরত মুহাম্মদ (সা.)। আবার এই দিনে

২-এর পৃষ্ঠা দেখুন

### ছুটির নোটিশ

পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে আজ ৬ সেপ্টেম্বর শনিবার দৈনিক আমাদের সুর্যোদয় 'র সকল বিভাগ বন্ধ থাকবে। তাই আগামীকাল রোববার পত্রিকা প্রকাশিত হবে না। সোমবার পত্রিকা প্রকাশিত হবে।

সম্পাদক

# গাংনীতে আঞ্চলিক মহাসড়কে পাট শুকানোয় ঝুঁকিতে যানবাহন চলাচল

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন আঞ্চলিক মহাসড়ক ও সড়ক ডিভাইডারে চলছে পাট শুকানোর মহোৎসব। এতে প্রতিনিয়ত দুর্ঘটনার শিকার হচ্ছেন যাত্রী ও যানবাহন চালকরা। চাকা ও হ্যান্ডেলে পাটের আঁশ পেঁচিয়ে নিয়ন্ত্রণ হারিয়ে ঘটছে দুর্ঘটনা। তবুও থামছে না এ বিপজ্জনক কার্যক্রম।
চলছে পাটের আঁশ ছাড়ানো ও রোদে শুকানোর মৌসুম। চাষিরা পর্যাপ্ত শুকানোর জায়গার অভাবে মহাসড়ক, গ্রামীণ সড়ক এমনকি সড়ক ডিভাইডারও ব্যবহার করছেন। শুকানোর জন্য পাকা রাস্তাই তাদের কাছে সহজ সমাধান। কিন্তু এর কারণে তৈরি হচ্ছে মারাত্মক ঝুঁকি।
মেহেরপুরকুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাংনী শহরের কাথুলি মোড়, চোখতোলা, তেরাইল বামন্দী মোড় ও ছাতিয়ান বাসস্ট্যান্ডসহ বিভিন্ন স্থানে রাস্তার উপর ও ডিভাইডারে পাট শুকানো হচ্ছে। এছাড়া কাজিপুরহাটবোয়ালিয়া, গাংনী হাটবোয়ালিয়া ও গাংনী কাথুলি সড়কেও একই চিত্র।



স্থানীয়রা জানান, প্রায়ই এসব রাস্তায় দুর্ঘটনা ঘটছে। মালসাদহ গ্রামের ভ্যানচালক ওয়াসিম বলেন, "পাটের আঁশে ভ্যানের চাকা পেঁচিয়ে জ্যাম হয়ে যায়। একাধিকবার ভ্যান উল্টে অল্পের জন্য রক্ষা পেয়েছি।" জোড়পুকুরিয়া বাজারের ভ্যানচালক রশিদ বলেন, "গত শনিবার সকালে কাথুলি মোড়ে শুকানো পাটের আঁশ জড়িয়ে ভ্যান উল্টে গিয়ে পাঁচজন আহত হয়।" পাটচাষিদের দাবি, শুকানোর পর্যাপ্ত মাঠ না থাকায় তারা রাস্তা ব্যবহার করছেন। তবে দুর্ঘটনা ঘটায় অনেকে অনুশোচনা প্রকাশ করেছেন। কয়েকজন চাষি প্রতিশ্রুতি দিয়েছেন ভবিষ্যতে আর রাস্তায় পাট শুকাবেন না।
রাইপুর ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান সারগীদ বলেন, "পাটচাষিরা রাস্তার পাশে পুকুর বা ডোবায় আঁশ ছড়িয়ে রাস্তার উপরেই শুকাচ্ছেন। অনেককে নিষেধ করলেও শোনেন না। উল্টো রাগারাগি করেন।" একই কথা জানিয়েছেন ষোলটাকা ইউপির প্যানেল চেয়ারম্যান সুজাউদ্দীন।
গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন বলেন, "বিষয়টি আমাদের নজরে এসেছে। স্থানীয় জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।"




# স্বচ্ছতা এবং জবাবদিহিতা গণতন্ত্রের গুরুত্বপূর্ণ উপকরণ- মনির হায়দার

নিজস্ব প্রতিবেদক

"স্বচ্ছতা এবং জবাবদিহিতা হলো আমাদের গণতন্ত্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপকরণ। পাবলিক অফিসের সকল কর্মকাণ্ডের স্বচ্ছতা নিশ্চিত করা ও জনগণের কাছে জবাব দেওয়া আমাদের প্রধান কর্তব্য।" বলে দাবী করেছেন প্রধান উপদেষ্টা বিশেষ সহকারি মনির হায়দার। তিনি আরও যোগ করেন, "জাতীয় নিরাপত্তা সংক্রান্ত তথ্য বাদে সকল সরকারি তথ্য জনগণের জন্য উন্মুক্ত থাকবে। সাংবাদিকদের আমরা প্রতিপক্ষ হিসেবে দেখব না; বরং তাদের কাছে তথ্য উন্মুক্ত করলে সরকারি কাজের প্রতি মানুষের আস্থা বৃদ্ধি পাবে। স্বচ্ছতার এই পরিবেশই সরকারের প্রতি জনসাধারণের আস্থা গড়ে তুলবে।" শুক্রবার বিকালে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে সারের ব্যবহার ও বিপণনের সাথে সম্পর্কিত মেহেরপুর জেলার সকল অংশীজনের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য এ কথা বলেন। সভায় মেহেরপুরের অর্থনীতি ও কৃষি ব্যবস্থার বিভিন্ন দিক নিয়ে তিনি বিস্তারিত আলোচনা করেন। বিশেষ করে সার ব্যবহারের ক্ষেত্রে অসঙ্গতি নিয়ে তিনি উদ্বেগ প্রকাশ করেন। তিনি বলেন,

২-এর পৃষ্ঠা দেখুন

## মহানবী (সা.)-এর অনুপম জীবনাদর্শ বিশ্বে শান্তি ও কল্যাণ নিশ্চিত করতে পারে : প্রধান উপদেষ্টা

নিজস্ব প্রতিবেদক

প্রধান উপদেষ্টা প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, মহানবী হজরত মুহাম্মদ (সা.)-এর অনুপম জীবনাদর্শ, সর্বজনীন শিক্ষা ও সুন্নাহর অনুসরণ আজকের এ দ্বন্দ্ব-সংঘাতময় বিশ্বে শান্তি, ন্যায় এবং কল্যাণ নিশ্চিত করতে পারে।



'পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.)' উপলক্ষ্যে দেওয়া গতকাল শুক্রবার এক বাণীতে তিনি বলেন, 'ধর্মীয় ও পার্থিব জীবনে মহানবী হজরত মুহাম্মদ (সা.)-এর সুমহান আদর্শ ও সুন্নাহ বিশ্ববাসীর জন্য উৎকৃষ্টতম অনুসরণীয় ও অনুকরণীয় এবং এর মধ্যেই মুসলমানদের জন্য অফুরন্ত কল্যাণ, সফলতা ও শান্তি নিহিত রয়েছে।' বিশ্বের সর্বশ্রেষ্ঠ মহামানব, সর্বশেষ নবী ও রাসূল হজরত মুহাম্মদ (সা.)-এর জন্ম ও

২-এর পৃষ্ঠা দেখুন




## চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ২৪ লাখ টাকা উধাও

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পরিষ্কার-পরিচ্ছন্নতা ও কম্পিউটার সামগ্রী কেনার জন্য বরাদ্দকৃত ২৪ লাখ টাকা এখনও অদৃশ্য। হাসপাতালের স্টোরে কোনো উপকরণ পৌঁছায়নি, অথচ পুরো বরাদ্দের অর্থ খরচ

২-এর পৃষ্ঠা দেখুন

## মুজিবনগরে পুলিশের বিশেষ অভিযানে তিন আসামি গ্রেফতার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা পুলিশের বিশেষ অভিযানিক কার্যক্রমের অংশ হিসেবে মুজিবনগর থানা পুলিশ বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তিনজন ওয়ারেন্টভুক্ত আসামিকে গ্রেফতার করেছে পুলিশ। গত ৩ সেপ্টেম্বর রাত ১২টার পর থেকে শুরু হওয়া এ অভিযান ভোর পর্যন্ত চলে।
মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান শুক্রবার সকালে এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেছেন। মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) জানান, আটক কৃতরা হলো মুজিবনগরের মোনাখালী গ্রামের আকবর আলী এর ছেলে রকিবুল ইসলাম (৩৪)। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের মামলা রয়েছে। বিদ্যাধরপুর গ্রামের মোল্লাপাড়ার নুর ইসলাম এর ছেলে সুমন হোসেন (২৭)। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের মামলা রয়েছে। আনন্দবাস গ্রামের পূর্বপাড়ার আসান মল্লিক এর ছেলে সেলিম মল্লিক (৩২) তার বিরুদ্ধেও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের মামলা চলমান।তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের মামলা রয়েছে।

২-এর পৃষ্ঠা দেখুন

## ম. গোলাম মোস্তফা : শব্দে বুনেছেন ব্যথা আর প্রেমের গল্প

মুহম্মদ মহসীন



"দাও গো ব্যথার মালা গেঁথে, প্রেমের উপহার, হোক সে কাঁটা পথের দিশা, তোমায় ভুলি বার"ড় এমনই আবেগঘন কথামালা দিয়ে পাঠক-শ্রোতাদের মন ছুঁয়ে চলেছেন কবি ও গীতিকার ম. গোলাম মোস্তফা। অর্ধশতকেরও বেশি সময় ধরে তাঁর হাতে বোনা শব্দ হয়ে উঠেছে কবিতা, গান, গল্প আর ছড়ার সমাহার। জীবনের সুখ-দুঃখ, প্রাপ্তি-অপ্রাপ্তি, ভালোবাসা ও ব্যথাকে সঙ্গী করে তিনি লিখেছেন দুই হাজার পাঁচশ'রও বেশি সৃষ্টি। তাঁর লেখা গান ছুঁয়েছে বাংলাদেশ বেতারের তরঙ্গ, মিশেছে মানুষের হৃদয়ের তারে। ২০১৮ সালে প্রকাশিত হয় প্রথম কাব্যগ্রন্থ "চাঁদ জেগে রয় একা"। সেই পথ ধরে আসছে দ্বিতীয় কাব্যগ্রন্থ "বুনো ফুলে ওঠে দুলে"ড়যেখানে তিনি আরও গভীর

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনী সীমান্তে ভারতীয় মালিকবিহীন গরু উদ্ধার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার ধলা সীমান্ত থেকে ভারতীয় মালিকবিহীন একটি গরু উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ।গতকাল শুক্রবার (৫ সেপ্টেম্বর) দুপুরে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করে বিজিবি। বিজ্ঞপ্তিতে জানানো হয়, ৪ সেপ্টেম্বর দুপুর দেড়টার দিকে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি)-এর অধীনস্থ ধলা বিওপির সীমান্ত পিলার ১৩৬ মেইন পিলার থেকে প্রায় ৩০০ গজ ভেতরে ধলা মাঠ এলাকায় এ অভিযান চালানো হয়।

২-এর পৃষ্ঠা দেখুন

## বৃষ্টির পানিতে ডুবে আছে ফসল, দিশেহারা কৃষক

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলায় টানা বৃষ্টিতে ব্যাপক ফসলহানি হয়েছে। উপজেলার তেরাইল, চককল্যাণপুর, পলাশী, হিন্দা ও বামন্দীসহ বিভিন্ন গ্রামের ফসলি মাঠ তলিয়ে যাওয়ায় ধান, মাসকলাই, মরিচ ও বিভিন্ন সবজি নষ্ট হয়ে গেছে। অনেক মাঠ এখনও পানিতে ডুবে থাকায় সেখানে এবারের মৌসুমে আর আবাদ করাই সম্ভব হবে না। এতে চাষিরা পড়েছেন দিশেহারা অবস্থায়। স্থানীয় কৃষকেরা জানান, এমন ক্ষতির পরিমাণ আগে কখনও দেখেননি। ধান, মাসকলাই ও সবজি পানিতে ডুবে পচে যাচ্ছে। অনেকেই মাঠের ফসলের আশা ছেড়ে দিয়েছেন। সরেজমিনে দেখা যায়, বিভিন্ন মাঠের ধানগাছ পানিতে নিমজ্জিত। মরিচের গাছ মরে যাচ্ছে। কৃষকেরা বলছেন, এই ক্ষতি থেকে ঘুরে দাঁড়ানো তাঁদের পক্ষে প্রায় অসম্ভব।
তেরাইল গ্রামের চাষি আব্দুল খালেক বলেন, "ধান ও মাসকলাই ডুবে গেছে। সবই নষ্ট হবে। মরিচচাষিরাও ক্ষতির মুখে পড়েছে।" বামন্দী মাঠের কৃষক শরিফুল ইসলাম বলেন, "আমার ধান পানিতে ডুবে আছে। এবারের আবাদ পুরোপুরি ক্ষতিতে গেল।" মরিচচাষি লিভলু হোসেন জানান, "তিন বিঘা জমিতে মরিচ আবাদ করেছি। গাছ মরে যাচ্ছে। আশার লাভ কিছুই হবে না।"
চককল্যাণপুর গ্রামের কৃষক জিনারল ইসলাম বলেন, "আমাদের বিলে ধান হতো। এবার পানিতে সব জমি তলিয়ে গেছে। এখন সবাই সিদ্ধান্ত নিয়েছে ধান না করে মাছ চাষ করবে।" গাংনী উপজেলা কৃষি অফিস সূত্রে জানা গেছে, বৃষ্টিতে উপজেলার বিভিন্ন এলাকার ফসলি মাঠ আক্রান্ত হয়েছে। ক্ষতির পরিমাণ নিরূপণে জরিপ চলছে। উপজেলা কৃষি কর্মকর্তা মো. ইমরান হোসেন বলেন, "বৃষ্টিতে অনেক মাঠ ডুবে গেছে। জরিপ শেষে মোট ক্ষতির পরিমাণ জানা যাবে।"



## মেহেরপুরে দারিয়াপুর সীমান্তে মা-মেয়ে পুশ ইন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর সীমান্ত দিয়ে মাসহ দুই মেয়েকে বাংলাদেশে পুশ ইন করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) ।গতকাল শুক্রবার (৪ সেপ্টম্বর) সকালে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সদস্যরা তাদের আটক করে মুজিবনগর থানায় সোপর্দ করে।
আটকরা হলেন বাগেরহাট জেলার আব্দুস সালামের স্ত্রী মমতা বেগম (৫৭) ও তার দুই মেয়ে ময়না বেগম (৩০) এবং মাহিনুর (২৫)।

২-এর পৃষ্ঠা দেখুন

## নতুন সাংবিধানিক ব্যবস্থা প্রবর্তন ক্যু হিসেবে গণ্য হবে: বিএনপি

সূর্যোদয় প্রতিবেদন

আগামী জাতীয় নির্বাচনের আগে কোনো ধরনের সাংবিধানিক সংস্কার করা যাবে না বলে মত দিয়েছে বিএনপি। দলটির প্রস্তাব, আগামী সংসদ গঠনের পরবর্তী দুই বছরের মধ্যে সরকার সংবিধান সংস্কারের উদ্যোগ নেবে। এ সংক্রান্ত অঙ্গীকার সব রাজনৈতিক দল 'জুলাই সনদে' করবে। বিএনপির দাবি, সংবিধানের বাইরে নতুন কোনো সাংবিধানিক ব্যবস্থা প্রবর্তন হলে তা বিপ্লব নয়, বরং ক্যু হিসেবে গণ্য হবে। বৃহস্পতিবার প্রধান উপদেষ্টার নেতৃত্বাধীন জাতীয় ঐকমত্য কমিশনকে দেওয়া চিঠিতে বিএনপি এ অবস্থান স্পষ্ট করে। কমিশনের বৈঠকে গত ১৬

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর: (মেহেরপুরে সরকারি পেঁয়াজ বীজে অনিয়ম)

পেঁয়াজ দিয়ে পেঁয়াজি ভাঁজে
পেঁয়াজে থাকে ঝাঁঝ
মাঘের ওয়াজ চৈত্র মাসে
চাষী হচ্ছে ষাট।
পিয়াজ নিয়ে কেলেঙ্কারি
বীজ পায় না কৃষকে
দুর্নীতির শিকড় গজায়
উপজেলার কৃষি অফিসে।
কর্তা বাবু তথ্য দেয় না
তালা লাগাই অফিসে
সাংবাদিকরা দৌড়াতে থাকে
কর্তা বাবুর পিছনে।
কোটি টাকার বীজ কিনে
ঘাপলা করে কর্তায়
সাংবাদিকের পাল্লায় পড়ে
সে বীজ এখন উগলাই।



## মেহেরপুরে বিএনপি কার্যালয়ে হামলা-ভাঙচুর

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের ৩নং ওয়ার্ড বিএনপি কার্যালয়ে দুর্বৃত্তদের হামলা ও ভাঙচুরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার গভীর রাতে এ হামলার ঘটনায় এলাকায় উত্তেজনা বিরাজ করছে। স্থানীয় বিএনপি নেতা ও ওই ওয়ার্ডের সহ-সভাপতি

২-এর পৃষ্ঠা দেখুন




## মফেজ আলীর পরিবার বলছে হত্যার হুমকি দিচ্ছে আসামিপক্ষ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার কালীগাংনী গ্রামে রাজনৈতিক বিরোধকে কেন্দ্র করে সংঘর্ষে নিহত মফেজ আলীর হত্যার সুষ্ঠু বিচারের দাবিতে সংবাদ সম্মেলন করেছে তার পরিবার। অভিযোগ করা হয়েছে, মামলা করতে গেলে আসামিপক্ষ থেকে হত্যার হুমকি দেওয়া হচ্ছে এবং

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয় এখন
পত্রিকাতেও যেমন, ওয়েবেয়েও তেমন
প্রতিদিনের পত্রিকা অনলাইনে দেখতে ক্লিক করেন
www. amadersurjodoy.com
আমাদের সূর্যোদয়
প্রধানসড়ক, হোটেল বাজার,মেহেরপুর।
মোবাইল :01714938647

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ শনিবার ॥ ২২ ভদ্র ১৪৩২ বাংলা ॥ ৬ সেপ্টেম্বর ২০২৫ইং

# জাতীয় নির্বাচনে কি ডাকসুর প্রভাব পড়বে?

নিজস্ব প্রতিবেদক

১৯২১ সালে যাত্রা শুরু করা ঢাকা বিশ্ববিদ্যালয় আজ ১০৪ বছরের প্রাচীন প্রতিষ্ঠান। প্রতিষ্ঠার তিন বছর পর, ১৯২৪-২৫ শিক্ষাবর্ষে শুরু হয় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদের নির্বাচন।

দীর্ঘ এই শতবর্ষে ডাকসুর নির্বাচন হয়েছে মাত্র ৩৭ বার। আর স্বাধীন বাংলাদেশে গত ৫৪ বছরে অনুষ্ঠিত হয়েছে মাত্র সাতবার। শুরুর দিকে ডাকসু ও হল সংসদের মূল কার্যক্রম ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান, সাহিত্যচর্চা, বিতর্ক প্রতিযোগিতা, রচনা, খেলাধুলা ও বিভিন্ন সামাজিক সেবা। ১৯৫০-এর দশক পর্যন্তও এ ধারা বজায় ছিল। তবে ষাটের দশকে শিক্ষা আন্দোলন, আইয়ুব বিরোধী সংগ্রাম ও ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের সময় ছাত্র সংসদ ও সংগঠনগুলো ক্রমশ জাতীয় রাজনীতির অংশ হয়ে ওঠে।

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদকে (ডাকসু) ঐতিহাসিক গুরুত্বের কারণে ‘দ্বিতীয় সংসদ’ বলা হয়। ভাষা আন্দোলন, ছয় দফা দাবি, উনসত্তরের গণঅভ্যুত্থান কিংবা নব্বইয়ের স্বৈরাচারবিরোধী আন্দোলন প্রতিটি জাতীয় সংগ্রামে ডাকসু নেতৃত্ব দিয়েছে, দিক নির্দেশনা দিয়েছে দেশের রাজনীতিকে।

প্রথমদিকে ডাকসুতে ভিপি ও জিএস নির্বাচিত হতেন হলে হলে ছাত্রদের ভোটে। পরে ১৯৭০ সালে সরাসরি ভোটব্যবস্থা চালু হয়। শিক্ষার্থীরা সরাসরি ভোট দিয়ে ডাকসুর ভিপি ও জিএসসহ কেন্দ্রীয় নেতাদের নির্বাচিত করতে শুরু করে। ১৯৭১ সালে স্বাধীনতার পর থেকে ডাকসু নির্বাচনে সরকারগুলোর মধ্যে অনীহা দেখা যায়। ১৯৭২ সালের নির্বাচনে সহ-সভাপতি হন ছাত্র ইউনিয়নের মুজাহিদুল ইসলাম সেলিম এবং সাধারণ সম্পাদক হন মাহবুবুর জামান। কিন্তু এর পর নির্বাচনের ধারাবাহিকতা ভেঙে যায়। ১৯৯১ সালের পর থেকে দীর্ঘ প্রায় তিন দশক ডাকসু নির্বাচন একেবারে বন্ধ থাকে।

একাধিকবার উদ্যোগ নেওয়া হলেও নানা কারণে নির্বাচন অনুষ্ঠিত হয়নি। ১৯৯৪, ১৯৯৫ ও ১৯৯৬ সালে উপাচার্য এমাজউদ্দীন আহমদ এবং পরে এ কে আজাদ চৌধুরী তফসিল ঘোষণা করেছিলেন, কিন্তু ছাত্রসংগঠনগুলোর বিরোধিতা ও সহিংসতার কারণে ভোট হয়নি। ২০০৫ সালেও তফসিল ঘোষণার পর নির্বাচন আটকে যায়। ২০১২ সালে শিক্ষার্থীরা আন্দোলনে নামলেও সাড়া মেলেনি।

প্রায় তিন দশক পর ২০১৯ সালে হাইকোর্টের নির্দেশে ডাকসু নির্বাচন হয়। সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের নুরুল হক নুর সহ-সভাপতি নির্বাচিত হন, আর সাধারণ সম্পাদক হন ছাত্রলীগের (বর্তমানে নিষিদ্ধ) গোলাম রাব্বানী। তবে ব্যাপক অনিয়ম ও সহিংসতার কারণে সেই নির্বাচনকে বিতর্কিত মনে করা হয়।

এবারের ডাকসু নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে এমন এক প্রেক্ষাপটে, যখন শিক্ষার্থীদের নেতৃত্বে সাম্প্রতিক জুলাই গণঅভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতন হয়েছে। ফলে এই নির্বাচনকে ঘিরে রয়েছে বিশেষ প্রত্যাশা। তফসিল অনুযায়ী, আগামী ৯ সেপ্টেম্বর ভোট হবে ডাকসু ও হল সংসদের। এবার ২৮টি পদের বিপরীতে মনোনয়নপত্র জমা পড়েছে ৫০৯টি। জানা গেছে, অন্তত ৯টি প্যানেল নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে। এর মধ্যে রাজনৈতিক প্যানেল ৭টি এবং স্বতন্ত্র দুটি।

ডাকসু থেকে উঠে আসা অনেক ছাত্রনেতা পরবর্তীতে

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## সুস্থভাবে বাঁচতে হলে হাসতে শিখুন

সূর্যোদয় প্রতিবেদন

অনেকের মাসিক আয়ের বেশিরভাগ খরচ হয়ে যায় স্বাস্থ্য রক্ষায়। ডাক্তারের ভিজিট থেকে শুরু করে জিম করা অবধি আরও কত কিছুই না করতে হয় মানুষকে। তবে একেবারেই বিনামূল্যে শরীর-মন সুস্থ ও সুরক্ষিত রাখতে পারে প্রাণখোলা হাসি। এজন্যে শুধু মনের জোর আর সদিচ্ছাই যথেষ্ট। মন থেকে সত্যিকারের যে হাসিটা আসে তা প্রতিনিয়ত হাসুন এবং নিজেকে সুস্থ রাখুন। মিথ্যে হাসি বা ভনিতা শরীরের জন্যে কার্যকরী নয়। সত্যিকারের প্রাণখোলা হাসি আপনাকে যে সমস্ত প্রতিকার দেবে- চাপ কমায়- আমাদের দৈনন্দিন জীবনে মানসিক চাপ যেন একটা অংশ হয়ে জড়িয়ে আছে। যার ফলে নানান রকমের খারাপ অবস্থার মধ্য দিয়ে যেতে হয় আমাদের। এই চাপ কমাতেই হাসুন। মন খারাপ না রেখে যেকোনো বিষয় উপভোগ করুন। মুড ঠিক রাখে- কোনো কারণে মুড খারাপ? ভালো লাগছে না? কোনো না কোনোভাবে হাসার চেষ্টা করুন। সেই হাসিতেও কৃত্রিমতা রয়ে যাচ্ছে? তাহলে এমন কিছু করুন যা খুব সাধারণ কিন্তু ঠোঁটের কোণে হাসি ফোটে এবং মুডকে রাখে স্বাভাবিক। বিশ্বাসযোগ্যতা বাড়ায়- মানুষ তাদেরই বিশ্বাস করে থাকেন যারা খুব হাসিখুশি এবং সত্যিকার হেসে কথা বলে, যেখানে ছল থাকে না।ব্যথা হ্রাস করে- হাসি ব্যথা কমানোর মোক্ষম এক অস্ত্র।

৩-এর পৃষ্ঠা দেখুন




## মুজিবনগরে কেমিস্টদের সঙ্গে নতুন কমিটির পরিচিতি সভা

নিজস্ব প্রতিবেদক

মুজিবনগর উপজেলার সকল ঔষধ ব্যবসায়ীর সঙ্গে নতুন কমিটির পরিচিতি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার (৫ সেপ্টম্বর) দুপুরে বাংলাদেশ কেমিস্টস্ এন্ড ড্রাগিস্টস্ সমিতি, মুজিবনগর উপজেলা শাখার নবনির্বাচিত সভাপতি মোঃ আব্দুর রহমানের সভাপতিত্বে সভায় অতিথি ছিলেন বিসিডিএস মেহেরপুর জেলা শাখার নির্বাহী সদস্য আসিফ আল মোনায়েম, জালাল উদ্দিন ও মুজিবনগর উপজেলা বিসিডিএস-এর সাবেক সভাপতি মোঃ আসাদুজ্জামান মিলন। সভায় সকল কেমিস্টের সঙ্গে সৌহার্দ্যপূর্ণ আলোচনা হয়েছে এবং সংগঠনের ভবিষ্যৎ পরিকল্পনা ও যাবতীয় পদক্ষেপ নিয়ে মতামত বিনিময় করা হয়েছে।

## জুলাই সনদ ছাড়া নির্বাচন নিয়ে সংশয় জামায়াতের

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই সনদ বাস্তবায়ন ছাড়া নির্বাচন নিয়ে এখনও সংশয়ে আছে বাংলাদেশ জামায়াতে ইসলামি। দলের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, সরকার আইনি পথের কথা বলার পরপরই জামায়াত খসড়া প্রণয়ন করেছে। সংকট চান না তারা, বরং নির্বাচন সহযোগিতায় প্রস্তুত আছেন। বৃহস্পতিবার রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ ইনস্টিটিউটে এগ্রিকালচারিস্টস ফোরাম অব বাংলাদেশ আয়োজিত ‘জুলাই সনদের আইনি ভিত্তি’ শীর্ষক সেমিনারে তিনি এসব কথা বলেন। গোলাম পরওয়ার বলেন, “একটি দল পিআর (প্রোপোরশনাল রিপ্রেজেন্টেশন) পদ্ধতির বিরোধিতা করছে। তাই আমরা বলেছি, গণভোট হোক। জনগণ যদি পিআর চায়, সব দলকে মানতে হবে। আর জনগণ যদি না চায়, জামায়াতও

৩-এর পৃষ্ঠা দেখুন



## বারাদি ইউনিয়ন ওয়ার্ড গোল্ড কাপ ফুটবলে ২ নম্বর ওয়ার্ড ফাইনালে

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার বারাদি ইউনিয়ন পরিষদের উদ্যোগে বারাদি মাঠে অনুষ্ঠিত ওয়ার্ড গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় সেমিফাইনাল খেলায় ২ নম্বর ওয়ার্ডের দ্বিতীয় দল ৬ নম্বর ওয়ার্ডকে টাইব্রেকারে ৩-০ গোলে পরাজিত করে ফাইনালে উঠেছে। নিয়মিত সময়ে কোনো পক্ষ গোল করতে না পারায় খেলায় শেষ পর্যন্ত টাইব্রেকারের আশ্রয় নিতে হয়েছে। টাইব্রেকারে ২ নম্বর ওয়ার্ডের পক্ষে তামিম, সোহেল ও ওহিদ একটি করে গোল করেন। ৬ নম্বর ওয়ার্ডের গোলরক্ষক সোহেল প্রতিপক্ষের নাহিদ ও তসইমের শট আটকে দেন, যদিও সানির শট বাইরে চলে যায়। খেলায় সাফল্যের কারণে ২ নম্বর

৩-এর পৃষ্ঠা দেখুন

## হাতকড়া- শেকল পরিয়ে যুক্তরাষ্ট্র থেকে আরও ৩০ বাংলাদেশি ফেরত

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্র থেকে ফেরত পাঠানো হলো আরও ৩০ বাংলাদেশিকে। বৃহস্পতিবার (৪ সেপ্টেম্বর) রাত সাড়ে ১১টার দিকে বিশেষ ভাড়া করা বিমানে করে তারা ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান। এ সময় ফেরত আসাদের সবার হাতুপায়ে হাতকড়া ও শেকল পরানো ছিল। বিমানবন্দরের একাধিক প্রত্যক্ষদর্শী কর্মকর্তা জানান, রানওয়েতে অবতরণের পরও প্রায় তিন ঘণ্টা ফেরত আসাদের হাতুপায়ের শেকল খোলা হয়নি। পরবর্তীতে রাত ২টার দিকে তাদের অ্যারাইভাল গেটে আনা হয়। এ সময় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিশেষ টিম, কয়েকটি গোয়েন্দা সংস্থার সদস্য এবং যুক্তরাষ্ট্র দূতাবাসের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। অ্যারাইভাল এলাকায় কাউকে তাদের কাছে যেতে দেওয়া হয়নি। এমনকি কোনো

৩-এর পৃষ্ঠা দেখুন




## মুজিবনগর উপজেলা ছাত্রদলের উদ্যোগে এক ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর ৪৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে মুজিবনগর উপজেলা ছাত্রদলের উদ্যোগে এক ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।গতকাল শুক্রবার (৫ সেপ্টম্বর) দুপুর থেকে সন্ধ্যা পর্যন্ত কেদারগঞ্জ বাজারে এই চিকিৎসা শিবিরে স্থানীয় মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করা হয়। মেডিকেল ক্যাম্পে মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজি সভাপতিত্ব করেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা ছাত্রদলের

৩-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় অনলাইন জুয়ার মাস্টার এজেন্টসহ দুইজন গ্রেপ্তার

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় অনলাইন জুয়ার ওয়ান এক্সবেট-এর মাস্টার এজেন্টসহ দুইজনকে গ্রেপ্তার করেছে জেলা পুলিশের সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল। তাদের কাছ থেকে অনলাইন জুয়ার কাজে ব্যবহৃত একাধিক স্মার্টফোন ও সিম কার্ডও উদ্ধার করা হয়েছে। উদ্ধারকৃত ফোনে রেড্ডি, মেলবেট, মোবক্যাশ, টেলিগ্রাম, বিনান্স,

৩-এর পৃষ্ঠা দেখুন

## দেশেই চিকিৎসা নেওয়ার পক্ষে জামায়াত আমিরের বার্তা

সূর্যোদয় প্রতিবেদন

হাঁচি-কাশি হলেই বিদেশে চিকিৎসা নেয়ার প্রবণতার প্রতিবাদ জানিয়ে দেশের চিকিৎসার ওপর আস্থা রাখার বার্তা দিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামের আমির ডা. শফিকুর রহমান। শুক্রবার সকালে রাজধানীর মিরপুরের মনিপুর স্কুল অ্যান্ড কলেজ প্রাঙ্গণে ফ্রি মেডিকেল ক্যাম্পে অংশগ্রহণকালে তিনি এ মন্তব্য করেন। ডা. শফিকুর রহমানের নিজস্ব অভিজ্ঞতা থেকে এটি আরও তাৎপর্যপূর্ণ হয়ে ওঠে। গত ১৯ জুলাই রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে জামায়াতের জাতীয় সমাবেশে হঠাৎ শারীরিক অসুস্থতা অনুভব

৩-এর পৃষ্ঠা দেখুন




## জনগণের কাছে ক্ষমা চাইতে হবে জামায়াতকে: ফারুক

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জামায়াতে ইসলামীকে অতীতের ইতিহাসের জন্য দেশের জনগণের কাছে ক্ষমা চাইতে আহ্বান জানিয়েছেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা জয়নুল আবদিন ফারুক। শুক্রবার (৫ সেপ্টেম্বর) জাতীয় প্রেস ক্লাবের মাওলানা আকরম খাঁ হলে আয়োজিত

৩-এর পৃষ্ঠা দেখুন

## কুমিল্লা-৪: বিএনপির দ্বন্দ্বে হাসনাত আবদুল্লাহর সম্ভাবনা

সূর্যোদয় প্রতিবেদন

কুমিল্লার দেবিদ্বার সংসদীয় আসনে বিএনপির রাজনীতিতে ত্রিমুখী বিভাজন দেখা দিয়েছে। সাবেক সংসদ-সদস্য ইঞ্জিনিয়ার মঞ্জুরুল আহসান মুন্সী, কুমিল্লা উত্তর জেলা বিএনপির সদস্য সচিব এএফএম তারেক মুন্সী এবং সাবেক ছাত্রনেতা এমএ আউয়াল খান তিনটি পৃথক গ্রুপের নেতৃত্ব দিচ্ছেন। প্রতিটি গ্রুপ নিজেদের কার্যক্রমে পৃথক শোডাউন আয়োজন করে ভোটারদের কাছে অপরিহার্যতা প্রমাণের চেষ্টা করছে। এই বিভাজনকে সুযোগ হিসেবে দেখছেন এনসিপির মুখ্য

৩-এর পৃষ্ঠা দেখুন

## নিউজিল্যান্ড নয়, মায়ের দেশ সামোয়ারের হয়ে খেলবেন রস টেলর

সূর্যোদয় প্রতিবেদন

৫ সেপ্টেম্বর: নিউজিল্যান্ডের সাবেক অধিনায়ক রস টেলর আবার ক্রিকেটার হিসেবে মাঠে ফিরছেন। তবে এবার তিনি নিউজিল্যান্ডের হয়ে খেলবেন না, নামছেন তার মায়ের দেশ

৩-এর পৃষ্ঠা দেখুন

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব

আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।

সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮

উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা

এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)

কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।

রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান

এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল

চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।

রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার

এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা|

ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।

রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।

সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮

সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।

ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)


আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

প্রযুক্তি

## সিদ্ধান্ত নেওয়ার সময় সক্রিয় হয় পুরো মস্তিষ্ক

সূর্যোদয় প্রতিবেদন

আপনি যখন সকালে এক কাপ কফির দিকে হাত বাড়ান, তখন কাজ করে শুধু হাত বা চোখ নয়ড়আপনার মস্তিষ্কের প্রায় প্রতিটি অংশ একসঙ্গে সক্রিয় হয়ে ওঠে। সাম্প্রতিক এক গবেষণায় দেখা গেছে, সিদ্ধান্ত গ্রহণ কোনো একক অঞ্চলের কাজ নয়, বরং পুরো মস্তিষ্কের সমন্বিত ক্রিয়াকলাপের ফল। বিশ্বখ্যাত জার্নাল নেচার-এ প্রকাশিত দুটি গবেষণায় উঠে এসেছে, প্রচলিত ধারণার বিপরীতে তথ্য ধাপে ধাপে এক অঞ্চল থেকে আরেক অঞ্চলে যায় না। বরং সিদ্ধান্ত নেওয়ার মুহূর্তে প্রায় সব মস্তিষ্ক অঞ্চল একযোগে সক্রিয় হয়। এই ফলাফল অটিজম ও সিজোফ্রেনিয়ার মতো রোগের চিকিৎসা গবেষণায় নতুন দিক উন্মোচন করতে পারে।



ইউরোপ ও যুক্তরাষ্ট্রের ১২টি গবেষণাগারের বিজ্ঞানীরা মিলে ১৩৯টি ইঁদুরের মস্তিষ্ক থেকে ৬ লাখ ২১ হাজারের বেশি স্নায়ুকোষের কার্যকলাপ রেকর্ড করেন। উন্নত ডিভাইস নিউরোপিক্সেলস ব্যবহার করে তাঁরা ইঁদুরের ২৭৯টি মস্তিষ্ক অঞ্চলের তথ্য সংগ্রহ করেন, যা মোট মস্তিষ্কের প্রায় ৯৫ শতাংশ। বিশ্লেষণের জন্য বাছাই করা হয় সবচেয়ে নির্ভরযোগ্য প্রায় ৭৫

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু’র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক

এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল

রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা

এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)

এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন

এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ

এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও

রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## সুস্থভাবে বাঁচতে হলে হাসতে শিখুন

(শেষ পৃষ্টার পর)

হাসি প্রাকৃতিকভাবেই অ্যান্ড্রোফিন রিলিজ করে। অতিরিক্ত ব্যথাতেও যদি মুখে হাসি থাকে সে ব্যথা আপনা-আপনি কম মনে হবে। মনোযোগ বাড়ায়- চাপ মনোযোগ কেড়ে নিয়ে মেজাজকে খিটখিটে করে তোলে। হাসিখুশি থাকলে তা নিজ থেকেই মনোযোগ বৃদ্ধি করে দেয়। সাথে অন্তর্দৃষ্টি বাড়িয়ে তোলে। আকর্ষণীয় করে তোলে- প্রাণখোলা সুন্দর হাসি সবার কাছেই আকর্ষণীয় করে তোলে। মহিলাদের ক্ষেত্রে এ কথা বিশেষভাবে প্রযোজ্য কেননা পুরুষরা হাস্যোজ্জ্বল নারীদের প্রতি বেশি আকৃষ্ট হয়। হার্টের সমস্যা কমায়- হাসি হার্টের সমস্যা কমায় ও শরীরকে শান্ত রাখে। যাদের মুখে প্রায় সময় হাসি লেগেই থাকে তাদের হৃদরোগের ঝুঁকি অনেকটাই কম। এছাড়াও হাসি উচ্চ রক্তচাপ কমাতে সাহায্য করে। লাবণ্যতা আনে- হাসি চেহারায় ফিরিয়ে আনে লাবণ্য। সুন্দর হাসি যেনো বয়স কমিয়ে দেয় আরও তরুণ করে তোলে। সমীক্ষা বলে, মুখে লেগে থাকা হাসি গড়ে অন্তত তিন বছর কম বয়সী চেহারা এনে দেয়। ইমিউন সিস্টেম বাড়িয়ে দেয়- সুন্দর হাসি শরীরকে শিথিল রাখে যা ইমিউন সিস্টেমকে দ্রুত ও ফলপ্রসূভাবে বাড়িয়ে দেয়। ফলে দেহ ও মন প্রফুল্ল হয়ে ওঠে। দীর্ঘজীবী করে- যারা প্রায়ই হাসেন তাদের বাইরের সোন্দর্?য বহুগুণে বেড়ে যায়। গবেষণায় দেখা যায়, যারা প্রাণ খুলে হাসেন তারা গড়ে অন্তত সাত বছর বেশি বাঁচেন।

## বারাদি ইউনিয়ন ওয়ার্ড গোল্ড কাপ

(শেষ পৃষ্টার পর)

ওয়ার্ডের সোহেলকে ম্যান অব দ্য ম্যাচ নির্বাচিত করা হয়। খেলা শেষে বারাদি ইউনিয়নের প্রশাসক ও সদর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা রকিবুল ইসলাম তাকে পুরস্কার তুলে দেন। এ সময় বারাদি ইউনিয়নের প্রশাসনিক কর্মকর্তা আজিম উদ্দিন ও ইউপি সদস্য কামরুজ্জামান মুকুল উপস্থিত ছিলেন। এর আগে প্রশাসক ও সদর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন।

## হাতকড়া- শেকল পরিয়ে যুক্তরাষ্ট্র

(শেষ পৃষ্টার পর)

ধরনের ছবি বা ভিডিও ধারণেও কড়াকড়ি ছিল। ফেরত আসাদের মধ্যে একজন নারীও ছিলেন। দীর্ঘ যাত্রা শেষে শেকলবন্দি অবস্থায় দেশে ফেরায় অধিকাংশই ছিলেন বিধ্বস্ত। নোয়াখালীর ২২ বছর বয়সী ফেরতপ্রাপ্ত আব্দুল্লাহ হতাশা প্রকাশ করে বলেন, "এ লম্বা যাত্রায় পুরো সময় আসামিদের মতো শেকল পরে থাকতে হয়েছে। দেশে ফিরেছি বটে, কিন্তু মাতৃভূমিতে পৌঁছাতেই টেরোরিস্টের মতো ব্যবহারড়এটা ভয়াবহ অভিজ্ঞতা।" বেসরকারি উন্নয়ন সংস্থা ব্র্যাকের পক্ষ থেকে ফেরত আসাদের বাড়ি পৌঁছানোর জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। গত কয়েক মাসে অন্তত ১৮০ জন বাংলাদেশিকে যুক্তরাষ্ট্র থেকে ফেরত পাঠানো হয়েছে। জানা গেছে, ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয় মেয়াদে মার্কিন প্রেসিডেন্ট হওয়ার পর অবৈধ অভিবাসীদের ফেরত পাঠানোর অভিযান আরও জোরদার করা হয়। প্রথম দিকে ফেরত পাঠানোর সময় হাতকড়া-শেকল ব্যবহার করা না হলেও, গত ২ আগস্ট যুক্তরাষ্ট্র থেকে একটি সামরিক পরিবহন উড়োজাহাজ (সি-১৭) করে এক নারীসহ ৩৯ বাংলাদেশিকে ফেরত পাঠানো হয়। সেদিনও তাদের সবার হাতে-পায়ে শেকল ছিল। সর্বশেষ বৃহস্পতিবারও একইভাবে শেকলবন্দি অবস্থায় ৩০ জনকে ফেরত পাঠানো হলো।

## নিউজিল্যান্ড নয়, মায়ের দেশ

(শেষ পৃষ্টার পর)

সামোয়ার হয়ে। এশিয়া-ইস্ট এশিয়া-প্যাসিফিক টি-টোয়েন্টি বিশ্বকাপ ২০২৬-এর বাছাইপর্বের ১৫ সদস্যের দলে তাকে অন্তর্ভুক্ত করেছে সামোয়া। দলের নেতৃত্ব দেবেন ক্যালেব জাসমাত। ৪১ বছর বয়সী টেলর শুক্রবার সামাজিক যোগাযোগমাধ্যমে লিখেছেন, "এটা এখন আনুষ্ঠানিক। আমি গর্বের সঙ্গে জানাচ্ছি যে আমি নীল জার্সি পরে সামোয়ার হয়ে খেলতে যাচ্ছি। এটা শুধু আমার ভালোবাসার খেলায় ফেরাই নয়, বরং আমার শিকড়, সংস্কৃতি, গ্রাম ও পরিবারকে প্রতিনিধিত্ব করার বিশাল গৌরব।" তিনি আরও যোগ করেছেন, "আমি দলে যোগ দিতে, মাঠে ও মাঠের বাইরে অভিজ্ঞতা ভাগ করতে এবং ক্রিকেটকে কিছু ফিরিয়ে দিতে ভীষণ উচ্ছ্বসিত।" টেলরের মা সামোয়ার হওয়ায় তার পাসপোর্টও আছে। নিউজিল্যান্ডের হয়ে সর্বশেষ ম্যাচ খেলার তিন বছরের 'কুলিং অফ' সময় শেষ হওয়ায় তিনি সামোয়ার হয়ে খেলার যোগ্যতা অর্জন করেছেন। নিউজিল্যান্ডের হয়ে ২০০৬ থেকে ২০২২ পর্যন্ত টেলর খেলেছেন ১১২ টেস্ট, ২৩৬ ওয়ানডে ও ১০২ টি-টোয়েন্টি। তিন ফরম্যাটে তার রান যথাক্রমে ৭,৬৮৩, ৮,৬০৭ ও ১,৯০৯। দেশটির অন্যতম সেরা ব্যাটার হিসেবে তিনি ক্যারিয়ার শেষ করেছিলেন। টি-টোয়েন্টি ফরম্যাটে ২০২০ সালের নভেম্বরে সর্বশেষ খেলা সত্ত্বেও, এখনো তিনি নিউজিল্যান্ডের পঞ্চম সর্বোচ্চ রান সংগ্রাহক। সামোয়ার দলে টেলরই একমাত্র বড় নাম নন। নিউজিল্যান্ডে অকল্যান্ডের হয়ে খেলা ৩২ বছর বয়সী শন সোলিয়াকো দলে রাখা হয়েছে। তাদের সঙ্গে ব্যাটিং লাইনআপ আরও শক্তিশালী হবে বলে আশা করছে দল। এ ছাড়া দারিউস ভিসারও দলে আছেন, যিনি গত বছর ভানুয়াতুর নালিন নিপিকোর এক ওভারে ছয় ছক্কা হাঁকিয়ে রেকর্ড গড়েছিলেন। বাছাইপর্বে সামোয়ার প্রতিপক্ষ হবে ওমান, নেপাল, কুয়েত, মালয়েশিয়া, কাতার ও সংযুক্ত আরব আমিরাত। ইস্ট এশিয়া-প্যাসিফিক অঞ্চল থেকে তাদের সঙ্গী হবে পাপুয়া নিউ গিনি ও জাপান।

## মুজিবনগর উপজেলা ছাত্রদলের

(শেষ পৃষ্টার পর)

সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক রাশেদুল ইসলাম রাজন, মুজিবনগর উপজেলা ছাত্রদল নেতা আরবাজ খানসহ অনেকে। ক্যাম্পে প্রায় দুই শতাধিক রোগীকে বিভিন্ন রোগের চিকিৎসা ও স্বাস্থ্য পরামর্শ প্রদান করা হয়। উপস্থিতরা জানান, এই ধরনের উদ্যোগ স্থানীয় মানুষদের জন্য খুবই গুরুত্বপূর্ণ, বিশেষ করে যারা নিয়মিত চিকিৎসা সেবা নেয়ার সুযোগ পান না।

## সিদ্ধান্ত নেওয়ার সময় সক্রিয় হয়

(শেষ পৃষ্টার পর)

হাজার নিউরন। পরীক্ষায় ইঁদুরদের সামনে আলো জ্বালানো হতো। আলো দেখে সঠিক দিকে ইঙ্গিত করলে মিলত পুরস্কার। আলো অস্পষ্ট হলে তাদের অনুমানের ভিত্তিতে সিদ্ধান্ত নিতে হতো। গবেষকেরা লক্ষ্য করেন, অনুমানের সময় স্নায়ুকোষের সমন্বিত সংকেত মস্তিষ্কজুড়ে ছড়িয়ে পড়ে। এর আগে মনে করা হতো, তথ্য প্রথমে সেন্সরি এলাকায় যায়, সেখান থেকে সিদ্ধান্ত, শেষে মোটর এলাকায় পৌঁছায়। কিন্তু গবেষণায় দেখা গেছে, সিদ্ধান্ত গ্রহণের সংকেত সেন্সরি, মোটরসহ সব অঞ্চলে একযোগে ছড়িয়ে পড়ে। এমনকি তথ্য প্রক্রিয়াজাতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা থ্যালামাসেও পূর্বাভাসমূলক সংকেত ধরা পড়ে।আন্তর্জাতিক ব্রেইন ল্যাবরেটরির সহপ্রতিষ্ঠাতা অধ্যাপক আলেকজান্দ্রে পুজে বলেন, "সিদ্ধান্ত গ্রহণের সময়, বিশেষ করে পুরস্কারের সঙ্গে যুক্ত হলে, মস্তিষ্ক যেন আলোকিত হয়ে ওঠে।"

## চুয়াডাঙ্গায় অনলাইন জুয়ার মাস্টার

(শেষ পৃষ্টার পর)

বিকাশ, সেলফিন, নাগদ ও রকেট অ্যাপ্লিকেশন গুলো লগইন অবস্থায় পাওয়া গেছে। গ্রেপ্তারকৃতরা হলেনড় দামুড়হুদা উপজেলার জয়রামপুর দাসপাড়া গ্রামের শুভংকর কুমার দাস (২৩) ও ডুগডুগি গ্রামের হাফিজুল ইসলাম (২৫)। শুক্রবার (৪ সেপ্টম্বর) দিবাগত রাতে জয়রামপুর দাসপাড়া এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। অভিযান পরিচালনা করেন পুলিশ পরিদর্শক সামসুদ্দোহা।

পুলিশ জানায়, শুভংকর স্থানীয় যুবকদের টার্গেট করে তাদের মোবাইলে জুয়ার বিভিন্ন অ্যাপ ইন্সটল করিয়ে দিতেন। এতে যুব সমাজ আর্থিক ক্ষতি ছাড়াও নানা অপরাধে জড়িয়ে পড়ছে। কেউ কেউ ঋণ শোধ করতে না পেরে আত্মহত্যার পথও বেছে নিচ্ছে। চুয়াডাঙ্গা পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা বিপিএম-সেবা বলেন, অনলাইন জুয়ার বেশিরভাগ সাইট রাশিয়া থেকে নিয়ন্ত্রিত হয় এবং দেশে টাকার বহির্গমন ঘটে। সরকার অনলাইন জুয়া প্রতিরোধে সাইবার সুরক্ষা আইনে মোটা অংকের জরিমানা ও সাজা বিধান করেছেন। গ্রেপ্তার আসামিদের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মামলা দায়ের করা হয়েছে। পুলিশ জানিয়েছে, অনলাইন জুয়ার বিরুদ্ধে প্রতিটি থানায় অভিযান অব্যাহত থাকবে।

## দেশেই চিকিৎসা নেওয়ার পক্ষে

(শেষ পৃষ্টার পর)

করেছিলেন তিনি। ২৯ জুলাই একটি বেসরকারি হাসপাতালে এনজিওগ্রাম করানোর পর জানা যায়, তার হার্টের তিনটি প্রধান রক্তনালিতে ব্লক ধরা পড়েছে। এরপর ২ আগস্ট দেশে একটি হাসপাতালে তার বাইপাস সার্জারি সম্পন্ন হয়। প্রায় দেড় মাসের বিরতির পর জামায়াত আমির পুনরায় দলীয় কর্মসূচিতে অংশ নেন। ডা. শফিকুর রহমান বলেন, "বাংলাদেশে চিকিৎসা নেওয়ার উদ্দেশ্য ছিল তাদের প্রতি প্রতিবাদ, যারা হাঁচি-কাশি হলেই বিদেশে ছুটে যায়। রাজনৈতিক মহলের বন্ধুদের বলব, যে চিকিৎসা দেশেই পাওয়া সম্ভব, সেই চিকিৎসার জন্য বিদেশ যাওয়া উচিত নয়। কঠিন রোগে আক্রান্ত হয়ে নিজের দেশে চিকিৎসা নিলে দেশের চিকিৎসা ব্যবস্থার ঘাটতি বোঝা সম্ভব। তখনই পেতে পারেন পরিবর্তনের সঠিক দিকনির্দেশনা।" তিনি আরও বলেন, "বাংলাদেশ জামায়াতে ইসলামীর স্বপ্ন একটি মানবিক, দুর্নীতিমুক্ত ও আধুনিক দেশ গড়া। যারা আমাদের নির্বাচিত হবেন, তারা সরকারি প্লট ও বিনা ট্যাক্সের গাড়ির সুবিধা নেবেন না; সব পরিষেবায় বঞ্চিতরা অগ্রাধিকার পাবেন।" জামায়াত আমির জনগণকে সতর্ক করেন যে, ইনসাফের দেশ গড়তে দলের একার ক্ষমতা যথেষ্ট নয়। তিনি বলেন, "অতীতকে ভুলে জনগণ যদি আগামীতে ভাগ্য নির্ধারণে সঠিক সিদ্ধান্ত নেয়, তবে পাঁচ বছরের মধ্যে বাংলাদেশের চেহারা পাল্টে যাবে। একটি ভয়-শঙ্কামুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে জনগণকে জামায়াতের পাশে থাকার আহ্বান জানাই।"

## জনগণের কাছে ক্ষমা চাইতে হবে

(শেষ পৃষ্টার পর)

এক আলোচনা সভায় তিনি বলেন, "দয়া করে আস্তে আস্তে রাজনৈতিক কৌশল পরিবর্তন করুন। জনগণের কাছে ক্ষমা চান। অতীতের ইতিহাসে দোষত্রুটি থাকলে স্বীকার করুন। একদিকে বলেন পিআর না হলে নির্বাচনে যাবেন না, অন্যদিকে বলেন গণভোট না হলে নির্বাচনে যাবেন নাড়এটা গ্রহণযোগ্য নয়।" তিনি আরও বলেন, শুধু শেখ হাসিনা নয়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আমলেও দেশে সুষ্ঠু নির্বাচন হয়নি। "দিল্লির প্ররোচনায় যদি আবারও আওয়ামী লীগের সঙ্গে আঁতাত করে ইউনূস সরকারের নির্বাচনকে বানচাল করার চেষ্টা হয়, তাহলে জনগণ তা প্রতিহত করবে।" জয়নুল আবদিন ফারুক অভিযোগ করেন, নির্বাচনী প্রক্রিয়া বানচাল করার জন্য নানা পদ্ধতিতে ষড়যন্ত্র চলছে। "ষড়যন্ত্র এখনো শেষ হয়নি। শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের নাম মুছে ফেলার চেষ্টা ১৬ বছর ধরে হয়েছে। কিন্তু জনগণের হৃদয় থেকে শহীদ জিয়ার নাম মুছে ফেলা যায়নি। পাথর মেরে ছবি ভাঙা যায়, কিন্তু মানুষের হৃদয় থেকে নাম মুছে ফেলা যায় না।" তিনি দাবি করেন, জিয়াউর রহমানের দল জনগণের সঙ্গে কখনো বিশ্বাসঘাতকতা করেনি। এ প্রসঙ্গে তিনি বলেন, "তারেক রহমানের আত্মত্যাগের কথা জনগণ জানে। যদি একটি সুষ্ঠু নির্বাচন হয়, তাহলে তারেক রহমান বাংলাদেশের প্রধানমন্ত্রী হবেন।" আলোচনা সভায় তাঁতী দল কেন্দ্রীয় কমিটির সিনিয়র যুগ্ম আহ্বায়ক কাজী মনিরুজ্জামান মনির, বাংলাদেশ স্বাধীনতা ঘোষক পরিষদের সভাপতি শেখ শামীম হাসান অনিক, সাধারণ সম্পাদক মো. ইসমাইল হোসেনসহ আরও অনেকে উপস্থিত ছিলেন।

## কুমিল্লা-৪: বিএনপির দ্বন্দ্বে হাসনাত

(শেষ পৃষ্টার পর)

সংগঠক হাসনাত আবদুল্লাহ। তিনি তৃণমূল থেকে সংগঠন গড়ে তুলছেন এবং এলাকার উন্নয়ন কর্মকাণ্ড দেখভাল করছেন। স্থানীয়দের সঙ্গে সরাসরি যোগাযোগ করে জনগণের সচেতনতা বৃদ্ধি ও রাজনৈতিক আলোচনা চালানোর মাধ্যমে হাসনাত নিজেকে নবীন, তরুণ ও সক্রিয় প্রার্থী হিসেবে প্রতিষ্ঠিত করতে চাইছেন। দেবিদ্বার ঐতিহাসকিভাবে বিএনপির ঘাঁটি। ধানের শীষ প্রতীক এলাকায় জনপ্রিয়। তবে দলের অভ্যন্তরীণ দ্বন্দ্ব ভোট বিভাজনের সুযোগ তৈরি করেছে। রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, যদি বিএনপি একত্রিত না হয়, তবে হাসনাত ভোটে চমক দেখাতে পারেন। অন্যদিকে, বিএনপি যদি একীভূত হয়, তবে দলের প্রার্থীর জন্য ভোট বিপ্লব ঘটতে পারে এবং আসন পুনরুদ্ধারের সম্ভাবনা থাকে। হাসনাত নিজেকে এমনভাবে অবস্থান করছেন যাতে কোনো নেতিবাচক মন্তব্য বা উসকানি তাকে আটকাতে না পারে। তিনি বিভিন্ন উঠান বৈঠকে জনগণকে সচেতন করার মাধ্যমে নিশ্চিত করছেন, যে আসন্ন নির্বাচনে ভোটারদের ভোটই আসল সিদ্ধান্ত। স্থানীয় রাজনৈতিক নেতারা জানিয়েছেন, দেবিদ্বারে বিএনপির ঐতিহ্য এবং ভোটব্যাংক শক্তিশালী। তবে ত্রিমুখী বিভাজন থাকায় আসন জয়ের সম্ভাবনা হাসনাত আবদুল্লাহর জন্য উন্মুক্ত। তিনি কতটা সাফল্য আনতে পারবেন, তা আগামী নির্বাচনে স্পষ্ট হবে।

## জুলাই সনদ ছাড়া নির্বাচন নিয়ে

(শেষ পৃষ্টার পর)

মানবে।" বিএনপির প্রতি ইঙ্গিত করে তিনি আরও বলেন, "পিআর হলে সংসদে সব দলের প্রতিনিধিত্ব থাকবে। যারা মনে করে একাই সব ভোগ করবে, তারাই এর বিরোধিতা করছে। জামায়াত অবশ্যই নির্বাচনে অংশ নেবে, তবে পিআরের দাবি পূরণের পরই।" নির্বাচনের আগে সংস্কারের দাবিও পুনর্ব্যক্ত করেন জামায়াতের এই নেতা। তার ভাষায়, "দলীয় সরকারের অধীনে সংস্কারের সুযোগ আর আসবে না। একটি দলের স্থায়ী কমিটির সদস্য বলেছেন, ক্ষমতায় গেলে সব সংস্কার মুছে দেবেন। এতে বোঝা যাচ্ছে তাদের অভিপ্রায় কী।" সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোহা. ইয়ামিন হোসেন। তিনি বলেন, "জুলাই সনদ জনগণের ভোটাধিকার ও গণতান্ত্রিক সংস্কারের পূর্ণাঙ্গ দলিল।" অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আয়োজক সংগঠনের সভাপতি ও সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক এটিএম মাহবুব ই ইলাহী। সঞ্চালনা করেন মহাসচিব কৃষিবিদ শেখ মুহাম্মদ মাসউদ। বক্তব্য দেন সাবেক সেনা কর্মকর্তা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) হাসান নাসির। অন্যদিকে, ঢাকায় নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত মাইকেল মিলার জামায়াতে ইসলামির আমির ডা. শফিকুর রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। বৃহস্পতিবার জামায়াত আমিরের বসুন্ধরা কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। জামায়াতের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বৈঠকে বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়নের পারস্পরিক সম্পর্ক, উন্নয়ন ও অগ্রগতির বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। এসময় রাষ্ট্রদূত মাইকেল মিলার শফিকুর রহমানের স্বাস্থ্যের খোঁজখবরও নেন। বৈঠকে আরও উপস্থিত ছিলেন জামায়াতের নায়েবে আমির ডা. সৈয়দ আব্দুল্লাহ মো. তাহের, পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মাহমুদুল হাসান এবং ইইউ দূতাবাসের ডেপুটি হেড অব ডেলিগেশন বেইবা জেরিনা।

## জাতীয় নির্বাচনে কি ডাকসুর প্রভাব

(শেষ পৃষ্টার পর)

জাতীয় নির্বাচনে অংশ নিয়েছেন এবং সরকারের গুরুত্বপূর্ণ পদেও ছিলেন। আসন্ন ডাকসু নির্বাচনকে ঘিরে তাই নানা আলোচনা ও জল্পনা তৈরি হয়েছেড় বিশেষ করে এটি আগামী জাতীয় সংসদ নির্বাচনে কোনো প্রভাব ফেলবে কিনা, সেটিই এখন আলোচনার বিষয়।

এবারের ডাকসু নির্বাচন নিয়ে অনেকেই মনে করছেন, যদি এতে গত বছরের ২০২৪ সালের ৫ আগস্ট ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের প্রত্যাশা প্রতিফলিত হয় তবে এর প্রভাব আগামী জাতীয় সংসদ নির্বাচনে পড়তে পারে। কারণ ইতিহাসে দেখা গেছে, ডাকসু দেশের রাজনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে তবে সরাসরি প্রভাব জাতীয় নির্বাচনে আগে কখনো স্পষ্টভাবে দেখা যায়নি।

# ভক্তদের সুখবর দিলেন তানজিন তিশা

বিনোদন ডেস্ক

ছোট পর্দার জনপ্রিয় অভিনেত্রী তানজিন তিশা। তিনি ফ্যাশন শুট ও র?্যাম্প মডেলিংয়ের মাধ্যমে কর্মজীবন শুরু করেন। এরপর রিজভি ওয়াহিদ এবং শুভমিতার গাওয়া 'চোখেরি পলকে' মিউজিক ভিডিওতে অভিনয় করে তারকা খ্যাতি পান। নিজের অভিনয় দক্ষতা দিয়ে দর্শকদের মনে জায়গা করে নিয়েছেন তিশা। অভিনয়ের পাশপাশি সামাজিক যোগাযোগ মাধ্যমেও বেশ সরব থাকেন তিনি। সম্প্রতি এক অনুষ্ঠানে তানজিন তিশা বলেন, 'এটা আমার কাছে পৃথিবীর সবচেয়ে লাভলী একটা মুহূর্ত। আমার মা এটা ২য় সময় কোথাও আদর্শ মা হিসেবে অ্যাওয়াড পায়।' তার কথায়, 'কারণ আমি বলবো প্রতিটা আটির্স্ট সন্তানের পেছনে বাবা-মার দায়িত্ব যেমন, বাবা-মার ভারটাও অনেক। সে জায়গা থেকে আমি এখানে দাঁড়িয়ে আছি ঠিকমতো কাজ করছি। শুধুমাত্র আমার মায়ের জন্য। সে জায়গা থেকে মাকে যখন সম্মাননা প্রদান করা হয়েছে এর চেয়ে বড় পাওয়া আর কিছু হতে পারে না। তাই আমি খুবই খুশি।'



ভক্তদের সুখবর দিয়ে তিশা বলেন, 'আমার দর্শকরা যেটা চায়, আমিও সেটা চাই। আমি সবসময় অপেক্ষা করেছি খুব ভালো বাজেটের কাজের। চেষ্টা করি, বেছে বেছে কোয়ালিটি সম্পন্ন কাজগুলোর সঙ্গে থাকার।

এছাড়া খুব


ভাস্কর ডেন্টাল সার্জারী
টি এন্ডটি রোর্ড,এশিয়ানেট মোড়, বড়বাজার , মেহেরপুর



ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল),
খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময় :
সকাল : ৯টা - দুপুর ২টা, বিকাল : ৫টা - রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২৩২, ০১৯২০-৬৯৪৫৩২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল , কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।

কাফুর
ড্রিংকিং ওয়াটার
বিশুদ্ধ পানির বিশ্বস্ত নাম



হোটেল বাজার,
যাদবপুর রোড, মেহেরপুর
বিনামূল্যে হোম ডেলিভারি সুবিধা!
সরাসরি ঘরে পৌঁছে দিন বিশুদ্ধ পানির নিশ্চয়তা
RO ফিল্টার প্রযুক্তিতে বিশুদ্ধকরণ
স্বাস্থ্যসম্মত বোতল
দ্রুত সরবরাহ
আজই অর্ডার করুন!
ডেলিভারি হটলাইন:
০১৯২৩-১২১২৯১
০১৯২৩-১২১২৯৮
অফিস যোগাযোগ: ০১৯২৩-১৩১৩৫৪

নাজ জুয়েলার্স
হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর
বিশেষ অফার




২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
গ্যারান্টি সহকারে
অনন্য ডিজাইন
সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
নাজ জুয়েলার্স – মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন
ডাঃ বি ডি দাস (পিকলু)
এম. বি. বি. এ. বি. সি. এস (স্বাস্থ্য), সি. এস. ইউ (আল্ট্রাসনো)
বাত ব্যাথ্যা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক।
রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা।
ডা. মো: আব্দুল আল মারুফ
এমবিবিএস (রাজ) বিসিএস স্বাস্থ্য,এফসিপিএস(শিশু) শেষ পর্ব, এমএস শিশু. সার্জারী কোর্স বিএসএমএম ইউ, সিসিডি বার্ডেম, পিজিপিএন, শিশু পুস্টি (বোস্টান ইউনিভূরসিটি আমেরিকা)
রোগী দেখার সময় : প্রতি বৃহস্পতিবার দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬ টা
ডাঃ ইসরাত জেরিন ইভা
এম. বি. বি. এস. পি. জি. টি (গাইনী অ্যান্ড অবস্) , সি. এম. ইউ (আল্ট্রা)
গাইনী প্রসুতি মেডিসিন রোগের চিকিৎস, ( আবাসিক মেডিকেল অফিসার)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা হতে বিকাল ৫ টা।
পুস্টিবিদ: তরিকুল ইসলাম
বিপিএচি(নিউট্রিশন).এমপি এইচ(নিউট্রিশন), সিএমইউ এন্ড ডিএমইউ (আল্ট্রা), ডিপ্লমা ইন মেডিকেল ফ্যাকালটি, পুষ্টি বিশেষজ্ঞ
আমাদের সেবাসুমহ : বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ, কম্পিউটারাইজড প্যাথলজী, ডিজিটাল আলট্রাসনোগ্রাফী,হরমোন পরীক্ষা, ইসিজি এক্স-রে ও স্বল্প খরছে অপারেশন করা হয়

নিউ এভারকেয়ার নার্সিং হোম
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুস্প)
এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান
এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী) , কনসালট্যান্ট (সার্জারী), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার
জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।
ডা. মোঃ সউদ কবীর
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস
এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া , এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি . ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর ।
**আমাদের সেবাসমূহ**
প্রাইভেট ও সাধারণ রোগী সেবা . প্রসূতি ও নারী স্বাস্থ্য ,
সার্জারি ও সাধারণ চিকিৎসা উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

নিউ মনা জুয়েলার্স
অলংকার জগতের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
সাউদিয়া টাওয়ার, কাঁশারী বাজার, মেহেরপুর।



আধুনিক ডিজাইনের
স্বর্ণ, রুপা ও হীরার গহনা।
বিশুদ্ধতা ও গুণগত মানে
আপসহীন ও অপ্রতিদ্বন্দ্বি
আস্থার সাথে অলংকার
কেনা- বেচার নির্ভরযোগ্য ঠিকানা
প্রোপাইটার : হামিদুল ইসলাম
পরিচালনায় : মোস্তাফিজুর রহমান মনা
যোগাযোগ : ০১৭১৬-৫৭০৮৯৩, ০১৯১৯-৫৭০৮৯৩

বিসমিল্লাহ্ ফার্মেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু



সকল প্রকার দেশ-বিদেশী
ঔষধ সুলভ মূল্যে খুচরা
ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪০৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস



এক্সক্লুসিভ বুটিক পোশাক
হাতে তৈরি দেশি জামাকাপড়
দেশি-বিদেশী কসমেটিকস
কুকারিজ আইটেম
ইউনিক গিফট আইটেম
কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা

রাবেয়া মেডিকেল সার্ভিসেস
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।
আমাদের সেবা সমূহ ইসিজি (ECG) , সেরোলজি,কাসকপি, ক্লোনসকপি.ক্লিনিক্যাল প্যাথলজি.বিশেষজ্ঞ ডাক্তার চেম্বার,ডিজিটাল আল্ট্রাসনোগ্রাফি,সর্বাধুনিক ডিজিটাল এক্স-রে,হেমাটোলজি (সেল কাউন্টার ৫ পার্ট),বায়োকেমিস্ট্রি (অটো অ্যানালাইজড),হরমোন অ্যানালাইসিস (অটো অ্যানালাইজড), ইলেক্ট্রোলাইটস (অটো অ্যানালাইজড), ইকো-কার্ডিওগ্রাফি ( 4D & 2D)
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন: 01754974466, 01724-787313
মার্কেটিং অফিসার: 01304-100307, 01304-100308
ডা. মোঃ আলাউদ্দিন আল-আজাদ
অর্থোপেডিক সার্জারি, এমবিবিএস, ডি-অর্থো (সার্জারি), প্রাক্তন সার্জন, পঙ্গু হাসপাতাল ঢাকা
শনি-বৃহস্পতিবার, বিকেল ৪টা-সন্ধ্যা ৬.৩০
সহকারী অধ্যাপক ডা. বিপুল কুমার
গাইনী ও প্রসূতি: এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস) প্রতিদিন বিকেল ৪টা-রাত ৮টা, শুক্রবার সকাল ৮টা-দুপুর ২টা
ডা. মোঃ ইয়ানুর হোসেন
মেডিসিন ও কার্ডিওলজি,এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি), কনসালটেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল বৃহস্পতিবার বিকেল ৩টা-রাত ৮টা শুক্রবার সকাল ৮টা-রাত ৮টা
ডাঃ মোঃ আবুল কাশেম
ইএনটি (কান, নাক ও গলা)এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (ইএনটি), ফেলোশিপ ইন মাইক্রো ইয়ার সার্জারি (চেন্নাই, ইন্ডিয়া) বৃহস্পতিবার বিকেল ৩টা-রাত ৮টা, শুক্রবার সকাল ৮টা-রাত ৮টা
সহকারী অধ্যাপক ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব)
চক্ষু বিশেষজ্ঞম,,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (চক্ষু) শুক্রবার সকাল ১০টা-দুপুর ১টা
ডাঃ মোঃ রোকনুজ্জামান
চর্ম ও যৌন রোগ,এমবিবিএস, এফসিপিএস শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), সিসিজিপি (ডিএমসি) বৃহস্পতিবার সকাল ৮টা-১১টা
সহকারী অধ্যাপক ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির)
শিশু সার্জারি,এমবিবিএস (ডিএমসি), এমএস (শিশু সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ,। প্রতিদিন বিকেল ৪টা-রাত ৮টা শুক্রবার সকাল ৮টা-রাত ৮টা
ডাঃ মাহবুবা তাজমিলা
শিশু বিশেষজ্ঞ,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (শিশু) শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০-বিকেল ৫টা।
ডা. এম এম কবির শাওন
এ্যাজমা ও আল্ট্রাসাউন্ড,এমবিবিএস, ডিএলপি (এ্যাজমা), ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) প্রতিদিন সকাল ১০টা-দুপুর ২টা, বিকেল ৪টা-রাত ৮টা.
ডা. মেহেদী হাসান জনি
ইউরোলজি,এমবিবিএস (ঢাকা), এমএস (ইউরোলজি), কুষ্টিয়া মেডিকেল কলেজ। শুক্রবার সকাল ৯টা-দুপুর ১টা
সহকারী অধ্যাপক ডা. মোঃ আরিফুল ইসলাম
সার্জারি ও ল্যাপারোস্কপি,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ মাসের প্রথম সোমবার দুপুর ২টা-বিকাল ৫টা
ডা. মোঃ সফিউল আলম
জেনারেল ও ল্যাপারোস্কপিক সার্জারি,এমবিবিএস, এফসিপিএস (সার্জারি), সহকারী অধ্যাপক, আর্মি মেডিকেল কলেজ, যশোর। শুক্রবার সকাল ৯টা-বিকেল ৫টা

আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আসাদুল্লাহ-আল-গালিব
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট) মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং নাক কান গলা ক্ষত ও পি আর পি চিকিৎসা।
রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ।
রোগী দেখেন: প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা
ডাঃ সাজিয়া আফরিন
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন
এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স-গাইনী এন্ড অবস্) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন
রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত,
প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

নিউ স্কায়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডা: সেজুঁতি মেহেতোজ
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
এমবিবিএস(রাজশাহী),বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ¦র,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, শনিবার, ৬ সেপ্টেম্বর ২০২৫ ইং

## মেহেরপুরে সরকারি পেঁয়াজ বীজ বিতরণে অনিয়ম: কৃষকেরা ক্ষতিগ্রস্ত

গ্রীষ্মকালীন পেঁয়াজ আবাদে মেহেরপুরের কৃষকরা এবার চরম বিপদের মুখে পড়েছেন। বরাদ্দকৃত সরকারি বীজ নির্ধারিত সময়ে না পাওয়ায় জেলার তিন উপজেলায় প্রায় সাড়ে তিন হাজার কৃষক লোকসানের শঙ্কায় রয়েছেন। শুধু সময়ের সঙ্গে বিলম্ব নয়, বরাদ্দকৃত বীজের অঙ্কুরোদ্গম ক্ষমতা ন্যূনতম মান পূরণ করছে না মুজিবনগরে ৬৬ শতাংশ, সদরে ৬১ শতাংশ এবং গাংনীতে ৭৪ শতাংশ, যেখানে ন্যূনতম মান ৮৫ শতাংশ হওয়ার কথা। কৃষকের অভিযোগ অনুযায়ী, মানহীন বীজ বিতরণ ও দরপত্র প্রক্রিয়ায় অনিয়মের ফলে তারা হতাশ। পাশাপাশি, সদর উপজেলার কৃষি কর্মকর্তাসহ কয়েকজন কর্মকর্তা বীজ বিতরণের সময় অফিস বন্ধ রেখে বাণিজ্যিক সংস্থার অর্থায়নে কক্সবাজার ভ্রমণে যান। এই ঘটনা কৃষক-বিরোধী প্রশাসনিক উদাসীনতার স্পষ্ট পরিচায়ক। সরকারি বরাদ্দ ও পরিকল্পনার মূল উদ্দেশ্য কৃষকের উৎপাদন নিশ্চিত করা। কিন্তু সময়মতো মানসম্পন্ন বীজ না দেওয়া হলে কৃষকরা শুধু আর্থিক ক্ষতির শিকার হন না, বরং সারা মৌসুমের আবাদই ভেস্তে যেতে পারে। এ অবস্থায় জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তাদের দায়িত্ব নেয়ার অনীহা, সুনির্দিষ্ট নির্দেশনা অমান্য করা এবং স্বচ্ছতার অভাব কৃষকের আস্থা নষ্ট করেছে। সরকারি বীজ বিতরণ ও দরপত্র প্রক্রিয়া এখন পর্যালোচনা এবং তদারকির প্রয়োজনীয়তা উদঘাটন করছে। কৃষকের অধিকারের প্রতি সম্মান রেখে মানসম্মত বীজ সময়মতো বিতরণ করা এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের দায়বদ্ধ করা সময়ের দাবি। অন্যথায় প্রতি বছরই গ্রীষ্মকালীন আবাদে কৃষকরা অনিশ্চয়তার সাগরে হেঁটে চলবেন। মেহেরপুরের কৃষকরা শুধুই সহনশীল নাগরিক নয়, তারা দেশের খাদ্য নিরাপত্তার অন্যতম স্তম্ভ। তাদের স্বার্থকে পৃষ্ঠপোষকতা না করলে কৃষি বিভাগের কর্মকাণ্ডের নৈতিকতা প্রশ্নবিদ্ধ হবে। তাই এখনই প্রয়োজন স্বচ্ছ ও দায়বদ্ধ প্রশাসন, যাতে কৃষকের আস্থা পুনঃস্থাপন হয় এবং গ্রীষ্মকালীন আবাদ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়।

## ডিজিটাল যুগে মানুষে মানুষে দূরত্ব

ওয়াহিদা রহমান

বিশ্ব আজ হাতের মুঠোয়। কয়েক সেকেন্ডেই পৃথিবীর এক প্রান্ত থেকে আরেক প্রান্তে খবর পৌঁছে যায়। সামাজিক যোগাযোগমাধ্যম আমাদের অসংখ্য মানুষের সঙ্গে পরিচিত করছে, নতুন অভিজ্ঞতার দ্বার খুলে দিচ্ছে। প্রযুক্তির এই দ্রুত অগ্রগতি নিঃসন্দেহে আমাদের জীবনকে সহজ করেছে। তবে প্রশ্ন হচ্ছেড় এই সংযোগ কি সত্যিই আমাদের আরও কাছে টানছে, নাকি অদৃশ্য দেয়াল তৈরি করছে? অতীতের দিনে সন্ধ্যা নামলেই প্রতিবেশীর উঠোনে আড্ডা জমত, আত্মীয়দের সঙ্গে হঠাৎ দেখা হয়ে যেত, আর পরিবারের সবাই মিলে গল্প করত। এখন সেই জায়গা দখল করেছে মোবাইল স্ক্রিন।

পরিবারের সদস্যরা একই টেবিলে বসে থাকলেও প্রত্যেকের দৃষ্টি আটকে থাকে ভার্চুয়াল জগতে। আমরা দূরের বন্ধুদের লাইভ ভিডিও দেখি, কিন্তু পাশে বসা মানুষটির হাসি খেয়াল করি না। ডিজিটাল দুনিয়া আমাদের জ্ঞান, ব্যবসা ও যোগাযোগের সুবিধা দিয়েছে, কিন্তু একই সঙ্গে কেড়ে নিচ্ছে সম্পর্কের উষ্ণতা। মানুষ আজ 'লাইক' ও 'ফলোয়ার'-এর হিসাবেই ব্যস্ত, অথচ সত্যিকারের বন্ধু বা আত্মীয়ের সঙ্গে একান্ত সময় কাটানো যেন বিলাসিতায় পরিণত হচ্ছে। আমাদের বোঝা দরকার, প্রযুক্তি মানুষের বিকল্প নয়।

জীবনের আসল স্বাদ পাওয়া যায় মুখোমুখি কথোপকথনে, আন্তরিক দৃষ্টিতে কিংবা নিঃশব্দ সান্নিধ্যে। ফোনের স্ক্রল এক ঘণ্টা কমালেই আমরা প্রিয়জনের সঙ্গে পাঁচ মিনিট গভীর সময় কাটাতে পারি, যা কোনো ভার্চুয়াল নোটিফিকেশন দিতে পারবে না। ডিজিটাল যুগ আমাদের এগিয়ে নিয়েছে, তাতে সন্দেহ নেই। কিন্তু সম্পর্কের সত্যিকারের উষ্ণতা টিকিয়ে রাখতে হলে আমাদেরকেই দায়িত্ব নিতে হবে। ভার্চুয়াল সংযোগ নয়, হৃদয়ের সংযোগই মানুষকে মানুষ করে তোলে।((কনটেন্ট রাইটার, ইএমটিসিএল,

# সহজে জান্নাতে যেতে করণীয়

মাইমুনা আক্তার

একজন মানুষ প্রকৃত মুমিন হিসেবে গণ্য হওয়ার জন্য তার মধ্যে যেসব গুণ থাকা আবশ্যক, সেগুলোর অন্যতম হলো আল্লাহভীতি, সদাচরণ ও উত্তম চরিত্র। এগুলোকে বলা যায় বান্দার সার্বক্ষণিক ইবাদত। কারণ পাঁচ ওয়াক্ত নামাজ পড়তে মানুষের দিনের এক থেকে দেড় ঘণ্টার বেশি সময় লাগে না; অতএব বলা যায়, মানুষ সাধারণত নামাজের মাধ্যমে এক থেকে দেড় ঘণ্টার বেশি সময় ইবাদতে থাকে। কেউ যদি কোরআন তিলাওয়াত করে, তাহলে হয়তো সে এই কাজের মাধ্যমে সর্বোচ্চ এক ঘণ্টা ইবাদতে থাকে, ২৪ ঘণ্টা অনবরত জিকির করাও সাধারণত সম্ভব হয় না।

তাহলে কি মানুষ এই সময়গুলোর পরে ইবাদতের বাইরে থাকবে? না, কিছু কাজ বা অভ্যাস এমন আছে, যেগুলোর মাধ্যমে মানুষ সার্বক্ষণিক ইবাদতে থাকার সুযোগ পায়। সেগুলো হলো আল্লাহভীতি, যা সার্বক্ষণিক অন্তরকে ইবাদতে রাখে এবং গুনাহ থেকে বিরত রাখে। সদাচরণ, যাকে আমরা স্বাভাবিক জীবনের অংশ মনে করলেও ইবাদতের নিয়তে মানুষের সঙ্গে সহনশীল আচরণ করে ইবাদতের সওয়াব পাওয়ার সুযোগ পেতে পারি। উত্তম চরিত্র, যা মানুষের নিঃশ্বাস যতক্ষণ আছে, ততক্ষণ রক্ষা করে চলা আবশ্যক। এটাও ইবাদতের অংশ। কেউ যদি এই গুণ ও কাজ করতে পারে, তাহলে তার জন্য জান্নাতের পথ সহজ হয়ে যায়। হাদিস শরিফে ইরশাদ হয়েছে, আবু হুরায়রা (রা.) বলেন, রাসুলুল্লাহ (সা.)-কে প্রশ্ন করা হলো, কোন কর্মটি সবচেয়ে বেশি পরিমাণ মানুষকে জান্নাতে নিয়ে যাবে। তিনি বলেন, আল্লাহভীতি, সদাচার ও উত্তম চরিত্র।

আবার তাঁকে প্রশ্ন করা হলো, কোন কাজটি সবচেয়ে বেশি পরিমাণ মানুষকে জাহান্নামে নিয়ে যাবে। তিনি বলেন, মুখ ও লজ্জাস্থান। মানুষ সাধারণত মুখ ও লজ্জাস্থানের তাড়নায় এই গুণগুলো ধরে রাখতে পারে না। মানুষের সঙ্গে খারাপ ব্যবহার করে বসে, অশ্লীল কথাবার্তা বলে বসে আবার লজ্জাস্থানের চাহিদা মেটাতে গিয়ে কখনো কখনো চারিত্রিক পবিত্রতা হারিয়ে ফেলে, যার সবই ইসলামের দৃষ্টিতে নিষিদ্ধ কাজ। তাই মহানবী (সা.) তাঁর উম্মতদের এই অঙ্গগুলোর ব্যাপারে বিশেষভাবে সতর্ক করেছেন। অন্য হাদিসে ইরশাদ হয়েছে, সাহাল ইবনে সাদ (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ? (সা.) বলেছেন, যে ব্যক্তি তার দুই চোয়ালের মাঝের বস্তু (জিহ্বা) এবং দুই উরুর মাঝখানের বস্তু (লজ্জাস্থান)-এর জামানত আমাকে দেবে, আমি তাঁর জান্নাতের জিম্মাদার। সুবহানাল্লাহ, আমরাও যদি তাকওয়া ও সৎ চরিত্রের মাধ্যমে সার্বক্ষণিক ইবাদতে নিয়োজিত থাকতে চাই, তাহলে আমাদেরও উচিত এই অঙ্গগুলোকে নিয়ন্ত্রণ করার পাশাপাশি অন্তরে আল্লাহর প্রতি ভয় ও ভালোবাসা সৃষ্টি করা। মহানবী (সা.)-কে সব কিছুর ওপর প্রাধান্য দিয়ে তাঁর সুন্নত মোতাবেক জীবন গড়ার চেষ্টা করা। ইনশাআল্লাহ, এর মাধ্যমে আমাদের জীবনের প্রতিটি স্বাভাবিক কাজও ইবাদতে পরিণত হবে। মহান আল্লাহ আমাদের জন্য জান্নাতের পথ সুগম করবেন।

## মনির হায়দার

(প্রথম পৃষ্টার পর)

"তামাক চাষ হবে, বিদেশে রপ্তানি হবে এবং বৈদেশিক মুদ্রা আয় হবে। কিন্তু তামাক চাষে সার ব্যবহারে বিধিনিষেধের কোনো যৌক্তিকতা আমি খুঁজে পাই না। এটি সমাধান করা প্রয়োজন।" তিনি বলেন, এমন একটি ব্যবস্থা প্রণয়ন করতে হবে যাতে সারের ডিলারদের নিয়ে যেসব অভিযোগ আছে, সেগুলো থাকার আর সুযোগ আর না থাকে। ডিলারের ইচ্ছামতো যে কাউকে সার দিয়ে দিবে বা গোপন মার্কেটে বিক্রি করবে, তা প্রতিরোধ করার ব্যবস্থা থাকতে হবে। আমরা ডিজিটাল বাংলাদেশের কথা বহু শুনেছি, কিন্তু বাস্তবে কতটা ডিজিটাল হয়েছে, আমরা তা টের পাচ্ছি। হাতে লেখা একটি কৃষি কার্ড ছিল, সেটি বিগত ফ্যাসিস্টি সরকার বন্ধ করে দিয়েছে। কোথায় একটি স্মার্ট ডিজিটাল কার্ড হবে, সেটি ডিজিটালাইজড হবে। প্রত্যেক কৃষকের সমস্ত তথ্য সরকারের কাছে থাকবে, কিন্তু বর্তমানে কিছুই নেই। হাতে লেখা কার্ডটি মূলত ২০০৮ সালের, অর্থাৎ বিগত ফ্যাসিস্ট সরকারের আগে থেকে চালু ছিল। ফ্যাসিস্ট সরকার উন্নয়নের নামে অনেক কিছু করেছে, সেই সাথে কৃষি কার্ডও বন্ধ করে দিয়েছে। কৃষকদের কোন তথ্য সরকারের কাছে না থাকার কারণে এই সমস্যা এখন দেখা দিচ্ছে। সারা বাংলাদেশের জন্য কৃষকদের একটি ডাটাবেজ থাকা অত্যন্ত জরুরি। সভায় জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালামের সভাপতিত্বে মেহেরপুরের অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, তাজওয়ার আকরাম সাকাফি ইবনে সাজ্জাদ, অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল করিম, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খায়রুল ইসলাম, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক শামসুল আলম এবং সার ব্যবসায়ী সমিতির সভাপতি হাফিজুর রহমান হাফি প্রমুখ উপস্থিত ছিলেন।

## পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) আজ

(প্রথম পৃষ্টার পর)

তিনি পৃথিবী ছেড়ে চলে যান।

এক সময় গোটা আরব অন্ধকারে নিমজ্জিত ছিল। তারা আল্লাহকে ভুলে গিয়ে নানান অপকর্মে লিপ্ত হয়ে পড়েছিল। আরবের সর্বত্র দেখা দিয়েছিল অরাজকতা ও বিশৃংখলা। এ যুগকে বলা হতো আইয়ামে জাহেলিয়াত। তখন মানুষ হানাহানি ও কাটাকাটিতে লিপ্ত ছিল এবং মূর্তিপূজা করত। এই অন্ধকার যুগ থেকে মানবকুলের মুক্তিসহ তাদের আলোর পথ দেখাতে মহান আল্লাহ তাআলা রাসুলুল্লাহকে (সা.) প্রেরণ করেন এই ধরাধমে। মহানবী অতি অল্প বয়সেই আল্লাহর প্রেম অনুরক্ত হয়ে পড়েন এবং প্রায়ই তিনি হেরা পর্বতের গুহায় ধ্যানমগ্ন থাকতেন। পঁচিশ বছর বয়সে মহানবী বিবি খাদিজা নামের এক ধর্ণাঢ্য মহিলার সঙ্গে বিবাহবন্ধনে আবদ্ধ হন। মাত্র ৪০ বছর বয়সে তিনি নব্যুয়ত প্রাপ্ত হন। আল্লাহ তাআলার নৈকট্য লাভ করেন। পবিত্র কোরআন শরীফে বর্ণিত আছে, 'মহানবীকে সৃষ্টি না করলে আল্লাহ রাব্বুল আলামিন পৃথিবীই সৃষ্টি করতেন না'। এসব কারণে এবং তৎকালীন আরব জাহানের বাস্তবতায় এ দিনের গুরুত্ব ও তাৎপর্য অনেক বেশি। বাংলাদেশসহ বিশ্ব মুসলিম সম্প্রদায় এ দিনটি ঈদে মিলাদুন্নবী হিসেবে পালন করে থাকে।

## ম. গোলাম মোস্তফা : শব্দে বুনেছেন

(প্রথম পৃষ্টার পর)

আবেগের রঙে রাঙিয়েছেন জীবনের ক্যানভাস। শুধু বাংলাদেশেই নয়, পশ্চিমবঙ্গের সাহিত্যপত্রিকাতেও নিয়মিত প্রকাশিত হচ্ছে তাঁর লেখা। কবি জানান, "স্কুল জীবন থেকেই লেখালেখির প্রতি ভালোবাসা জন্মায়। কারো প্রেরণা পাইনি, কিন্তু বই পড়ে সাহস পেয়েছি। শব্দই হয়ে উঠেছে আমার সঙ্গী।" মেহেরপুর ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরে দীর্ঘদিন ধরে দপ্তর সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন তিনি। একইসঙ্গে সম্পাদনা পরিষদের সদস্য হিসেবেও জড়িত আছেন সাহিত্যচর্চায়। স্থানীয় ও জাতীয় পর্যায়ের বহু কবি-সাহিত্যিককে তিনি শ্রদ্ধাভরে স্মরণ করেনড়ওস্তাদ রফিকুর রশীদ, ফজলুল হক সিদ্দিকী, মুহাম্মদ রবীউল আলম, বাশরী মোহন দাস, আব্দুল মজিদ, প্রয়াত ডা. রজব আলী, প্রয়াত এম রফিক হাসানসহ আরও অনেকে। তাঁদের অবদানকে তিনি দেখেন নিজের সাহিত্যভুবনের প্রেরণা হিসেবে। তবে সাফল্যের পথ কেবল আলোয় ভরা ছিল না। ২০২০ সালে ক্যান্সারে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন তাঁর প্রিয় সহধর্মিণী। জীবনের এই বড় দুঃখ বুকে নিয়েই আজও তিনি কলম চালিয়ে যাচ্ছেন। এক ছেলে ও দুই মেয়ের পিতা হিসেবে পরিবারে তিনি এখনও ভরসার কেন্দ্রবিন্দু। ১৯৫২ সালের ৫ এপ্রিল মায়ের পৈতৃক ভিটা মেহেরপুরের গোভিপুর গ্রামে জন্ম ম. গোলাম মোস্তফার। শৈশবের স্বপ্ন থেকে শুরু করে আজকের দীর্ঘ সাহিত্যযাত্রাড়সবকিছুই যেন এক নদীর স্রোতের মতো বয়ে চলেছে। ব্যথা, প্রেম আর ভালোবাসার রঙে ভর করে তাঁর শব্দরা আজো পাঠক-শ্রোতার হৃদয়ে নতুন করে জীবন জাগায়।

## মুজিবনগরে পুলিশের বিশেষ

(প্রথম পৃষ্টার পর)

গ্রেফতারের পর আসামিদের বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।তিনি আরো বলেন, "জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ও অপরাধীদের আইনের আওতায় আনতে এ ধরনের অভিযান নিয়মিতভাবে পরিচালনা করা হচ্ছে। এ অভিযান অব্যাহত থাকবে।"

## মফেজ আলীর পরিবার বলছে হত্যার

(প্রথম পৃষ্টার পর)

পুলিশও গড়িমসি করছে। গত বৃহস্পতিবার(৪ সেপ্টম্বর) রাতে নিহতের বাড়িতে আয়োজিত সংবাদ সম্মেলনে স্ত্রী আরজিয়া খাতুন লিখিত বক্তব্য পাঠ করেন। তিনি অভিযোগ করেন, গত ২ সেপ্টেম্বর রাতে গ্রামের ঘুনার মোড়ে সংঘর্ষের সময় পরিকল্পিতভাবে স্বামী মফেজ আলীকে মারধর করা হয়। এতে ঘটনাস্থলেই তিনি অচেতন হয়ে পড়েন এবং পরে হাসপাতালে নেওয়ার পর চিকিৎসক মৃত ঘোষণা করেন। পরিবারের সদস্যরা আরও জানান, থানায় মামলা করতে গেলে পুলিশ দীর্ঘ সময় বসিয়ে রাখে এবং পরে জানায় ময়নাতদন্তের রিপোর্টের পর ব্যবস্থা নেওয়া হবে। চার দিন পার হলেও আসামিদের বিরুদ্ধে কোনো পদক্ষেপ নেয়নি পুলিশ। এ বিষয়ে মেহেরপুর সদর থানার ওসি শেখ মেজবাহ উদ্দিন আহমেদ বলেন, "আমরা মামলা নিচ্ছি না,এটি সঠিক নয়। ময়নাতদন্তের রিপোর্ট অনুযায়ী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।"

## মেহেরপুরে বিএনপি কার্যালয়ে

(প্রথম পৃষ্টার পর)

শামসুল আলম লায়লা অভিযোগ করেন, আওয়ামী লীগ নেতাকর্মীরা লাঠি, সোটা ও রড নিয়ে অফিসে অতর্কিতভাবে হামলা চালায়। এ সময় অফিসের আসবাবপত্র ও ব্যানার ভাঙচুর করা হয় এবং একটি মোটরসাইকেল ক্ষতিগ্রস্ত হয়। হামলায় বিএনপি নেতা শরিফুল ইসলাম ও হায়াত গুরুতর আহত হন। পরে তাদের স্থানীয়ভাবে চিকিৎসা দেওয়া হয়। তিনি আরও দাবি করেন, হামলাকারীরা এখনও হুমকি দিচ্ছে। এতে এলাকাবাসীর মধ্যে আতঙ্ক বিরাজ করছে। তবে এ বিষয়ে মেহেরপুর থানায় অভিযোগ দায়ের করা হবে কিনা প্রশ্নর জবাব এড়িয়ে যান তিনি। এ বিষয়ে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেজবাহ উদ্দিন আহমেদ জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গেছে। তবে এখন পর্যন্ত কেউ লিখিত অভিযোগ দেয়নি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## গাংনী সীমান্তে ভারতীয় মালিকবিহীন

(প্রথম পৃষ্টার পর)

অভিযানে জেসিও-৮৯৮৬ সুবেদার মো. ইউসুফ আলীর নেতৃত্বে বিজিবির একটি দল অংশ নেয়।লেফটেন্যান্ট কর্নেল মো. মাহবুব মুর্শেদ রহমান, পিএসসি, অধিনায়ক, ৪৭ বিজিবি'র তত্ত্বাবধান ও দিকনির্দেশনায় পরিচালিত এ অভিযানে মালিকবিহীন ভারতীয় একটি ষাঁড় গরু আটক করা হয়। গরুটির আনুমানিক সিজার মূল্য ধরা হয়েছে ৬০ হাজার টাকা।

## মেহেরপুরে দারিয়াপুর সীমান্তে মা-

(প্রথম পৃষ্টার পর)

মমতা বেগম জানান, তিনি প্রায় ৩০ বছর ধরে ভারতের হরিয়ানায় বসবাস করে আসছিলেন। সেখানেই দুই মেয়ের বিয়ে দেন। কয়েকদিন আগে ভারতীয় পুলিশ তাদের আটক করে বিএসএফের কাছে হস্তান্তর করে। পরে আজ সকালে বিএসএফ সদস্যরা কাটাতারের বেড়া খুলে বাংলাদেশে প্রবেশে বাধ্য করে। মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান জানান, দারিয়াপুর সীমান্তের আন্তর্জাতিক সীমানা পিলার ১১২ এর ৩ এস পিলার এলাকার ভেতর থেকে তাদেরকে বিজিবির টহলরত একটি দল আটক করে।পরে তাদের মুজিবনগর থানায় হস্তান্তর করে। আটক তিনজনের পরিচয় যাচাইয়ের জন্য বাগেরহাটে পুলিশের কাছে বার্তা পাঠানো হয়েছে। নাম-ঠিকানা সঠিক পাওয়া গেলে তাদের পরিবারে হস্তান্তর করা হয়।

## নতুন সাংবিধানিক ব্যবস্থা প্রবর্তন ক্যু

(প্রথম পৃষ্টার পর)

আগস্ট প্রণীত জুলাই সনদের সমন্বিত পূর্ণাঙ্গ খসড়া চূড়ান্ত করা সম্ভব হয়নি। সিদ্ধান্ত হয়েছে, আগামী রোববার আইন উপদেষ্টা, অ্যাটর্নি জেনারেল ও বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনায় সনদ বাস্তবায়নের পদ্ধতি নির্ধারণ করা হবে। দলটির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেন, "সংবিধান সংশোধন সংসদেই হতে হবে। নির্বাচিত সরকার গঠনের দুই বছরের মধ্যে সাংবিধানিক সংস্কারে সব দলকে অঙ্গীকারবদ্ধ হতে হবে। সংসদ ছাড়া অন্য কোনো উপায়ে সংবিধান পরিবর্তন করা হলে তা আন্তর্জাতিকভাবে ক্যু হিসেবেই গণ্য হয়।" বিএনপি মনে করে, যেসব সংস্কারের জন্য সংবিধান সংশোধনের প্রয়োজন নেই, সেগুলো অন্তর্বর্তী সরকার অধ্যাদেশ বা প্রশাসনিক আদেশের মাধ্যমে নির্বাচনের আগে বাস্তবায়ন করতে পারে। দলটি আবারও ড. মুহাম্মদ ইউনূসকে জুলাই সনদের স্বপ্নদ্রষ্টা হিসেবে উল্লেখ করে তাঁর প্রস্তাবিত বাস্তবায়ন কৌশলকে পূর্ণ সমর্থন জানিয়েছে। অন্যদিকে জামায়াত, এনসিপি, ইসলামী আন্দোলন, গণঅধিকার পরিষদ ও এবি পার্টি মনে করছে, নির্বাচনের আগে সনদের আইনি ভিত্তি থাকতে হবে। তাদের দাবি, সাংবিধানিক সংস্কারসহ সনদ বাস্তবায়নের নিশ্চয়তা ছাড়া নির্বাচনে অংশ নেওয়ার পথ সংকুচিত হবে। জামায়াতের নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মো. তাহের বলেন, "বাস্তবায়ন পদ্ধতি নির্ধারণ না হলে সনদে সই করা অর্থহীন।" কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ জানিয়েছেন, সব দলের মতামত সমন্বয় করা হচ্ছে। তিনি বলেন, সনদ ইতোমধ্যে চূড়ান্ত হয়েছে, এখন বাস্তবায়ন পদ্ধতি নির্ধারণ করে তা পূর্ণাঙ্গ আকারে দলগুলোর কাছে পাঠানো হবে। সূত্র জানায়, দলগুলোর আপত্তির কারণে কমিশন আগের সিদ্ধান্ত পরিবর্তন করে এখন সনদে বাস্তবায়ন পদ্ধতি রাখার উদ্যোগ নিয়েছে। গণভোট, সাংবিধানিক আদেশ বা গণপরিষদসহ বিভিন্ন বাস্তবায়ন পদ্ধতির বিকল্প প্রস্তাব রাখা হবে। সরকার সিদ্ধান্ত নেবে, কোন পথে বাস্তবায়ন করা হবে। সমন্বিত খসড়ার প্রাথমিক সংস্করণে সনদকে সংবিধানের ওপর প্রাধান্য দেওয়ার প্রস্তাব ছিল। তবে কমিশনের বৈঠকে সেটি পরিবর্তন করে এখন বলা হচ্ছে সংবিধান নয়, বিদ্যমান আইন ও বিধানের ওপরে প্রাধান্য পাবে সনদ। কমিশন জানিয়েছে, সনদের যেসব সংস্কারে দলগুলোর মধ্যে সংখ্যাগরিষ্ঠ ভিত্তিতে ঐকমত্য হয়েছে, দলগুলো শুধু সেগুলোর অঙ্গীকারে সই করবে। তবে উচ্চকক্ষ গঠনসহ নয়টি সংস্কারে বিএনপি আপত্তি জানিয়েছে। সব কাজ ১৫ সেপ্টেম্বর কমিশনের মেয়াদ শেষ হওয়ার আগেই শেষ করার লক্ষ্য রয়েছে।

## চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ২৪ লাখ

(প্রথম পৃষ্টার পর)

দেখানো হয়েছে। স্থানীয় স্বাস্থ্য কর্মকর্তা ও হাসপাতাল তত্ত্বাবধায়ক ডা. বিদ্যুৎ কুমার বিষয়টি খতিয়ে দেখার কথা জানিয়েছেন। তবে কবে নাগাদ বিস্তারিত তথ্য পাওয়া যাবে, সে বিষয়ে কোনো নিশ্চয়তা দেননি। স্বাস্থ্য অধিদফতরের অনুমোদন অনুযায়ী, গত ১ জুলাই সদর হাসপাতালের জন্য পরিষ্কার-পরিচ্ছন্নতা সামগ্রীতে ২০ লাখ এবং কম্পিউটার ও আনুষঙ্গিক সরঞ্জামে ৪ লাখ টাকা বরাদ্দ করা হয়। নিয়ম অনুযায়ী এসব উপকরণ হাসপাতালের স্টোরে পৌঁছানোর কথা ছিল। কিন্তু দুই মাস পার হলেও কোনো সরঞ্জাম স্টোরে জমা হয়নি। হাসপাতাল সূত্র জানিয়েছে, বরাদ্দকৃত অর্থ ও ক্রয়কৃত উপকরণের তদারকি করার দায়িত্ব তত্ত্বাবধায়কের। তবে এবারের বরাদ্দের অর্থ কোথায় খরচ হয়েছে, তার কোনো রেকর্ড পাওয়া যায়নি।

এ ঘটনায় স্থানীয় নাগরিক ও সাংবাদিক মহলে ক্ষোভের সৃষ্টি হয়েছে। চুয়াডাঙ্গা জেলা সাংবাদিক সমিতির সাবেক সভাপতি নাজমুল হক স্বপন বলেন, "সিভিল সার্জন কার্যালয় কিংবা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দুর্নীতির খবর আমরা আগেও শুনেছি। এবার সদর হাসপাতালে পুরো বরাদ্দের অর্থ উধাও হওয়ার ঘটনা চরম হতাশাজনক। স্বাস্থ্যসেবার মান ভেঙে পড়বে। সুষ্ঠু তদন্ত অপরিহার্য।" চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি রাজীব হাসান কচি বলেন, "যেখানে প্রকাশ্য বরাদ্দের পুরো অর্থই গায়েব হয়ে যায়, সেখানে অন্যান্য খাতের অর্থ নিয়েও প্রশ্ন ওঠে। এ বিষয়ে স্বচ্ছ ও স্পষ্ট জবাব প্রয়োজন।"

## প্রধান উপদেষ্টা

(প্রথম পৃষ্টার পর)

ওফাতের পবিত্র স্মৃতি বিজড়িত ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) সারাবিশ্বের মুসলমানদের জন্য অত্যন্ত পবিত্র ও মহিমান্বিত একটি দিন উল্লেখ করে এ উপলক্ষ্যে প্রধান উপদেষ্টা দেশবাসীসহ সমগ্র মুসলিম উম্মাহকে আন্তরিক শুভেচ্ছা ও মোবারকবাদ জানান।

তিনি বলেন, 'হজরত মুহাম্মদ (সা.) ছিলেন 'রাহমাতুল্লিল আলামিন' তথা সমগ্র বিশ্বজগতের জন্য রহমত। মহান আল্লাহ রাব্বুল আলামিন তাঁকে সমগ্র মানবজাতির হেদায়েত ও নাজাতের জন্য প্রেরণ করেছেন। নবী করিম (সা.) সম্পর্কে পবিত্র কুরআনে মহান আল্লাহ বলেছেন, 'হে নবী, আমি আপনাকে সমগ্র বিশ্বজগতের জন্য কেবল রহমতরূপে প্রেরণ করেছি' (সূরা আল-আম্বিয়া, আয়াত : ১০৭)। হজরত মুহাম্মদ (সা.) দুনিয়ায় এসেছিলেন 'সিরাজাম মুনিরা' অর্থাৎ আলোকোজ্জ্বল প্রদীপরূপে। সব ধরনের কুসংস্কার, অন্যায়, অবিচার, দাসত্ব ও পাপাচারের অন্ধকার থেকে মানুষকে মুক্তি ও আলোর পথ দেখাতে শান্তি, প্রগতি ও কল্যাণের বার্তা নিয়ে এসেছিলেন তিনি।'

প্রধান উপদেষ্টা বলেন, 'আল্লাহর প্রতি অসীম আনুগত্য ও ভালোবাসা, অনুপম চারিত্রিক বৈশিষ্ট্য, অপরিমেয় দয়া ও মহৎ গুণের জন্য পবিত্র কুরআনে মহানবী হজরত মুহাম্মদ (সা.)-এর জীবনকে বলা হয়েছে 'উসওয়াতুন হাসানাহ্' অর্থাৎ সুন্দরতম আদর্শ। তিনি বিশ্ব মানবতার জন্য যে অনিন্দ্য সুন্দর অনুসরণীয় শিক্ষা ও আদর্শ রেখে গেছেন, তা প্রতিটি যুগ ও শতাব্দীর মানুষের জন্য মুক্তির দিশারী হিসেবে পথ দেখাবে।'

পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) সকলের মাঝে বয়ে আনুক অপার শান্তি ও সমৃদ্ধি এই কামনা করে তিনি বলেন, 'সমগ্র মুসলিম উম্মাহর ঐক্য আরো সুসংহত হোক। মহানবী (সা.)-এর সুমহান জীবনাদর্শ লালন ও অনুসরণের মাধ্যমে আমাদের ইহকালীন ও পরকালীন জীবনের সার্বিক কল্যাণ ও মুক্তি সুনিশ্চিত হোকড়এ কামনা করি। আমিন।'

## আফগানিস্তানে জরুরি ত্রাণ পাঠাল বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

আফগানিস্তানে সাম্প্রতিক ভয়াবহ ভূমিকম্পের পর খাদ্য, পানি, আশ্রয় ও চিকিৎসা সংকট দেখা দিয়েছে। এই মানবিক বিপর্যয়ে বাংলাদেশ সরকার গভীর উদ্বেগ প্রকাশ করেছে এবং ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়াতে জরুরি সহায়তার ব্যবস্থা নিয়েছে। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) জানায়, প্রধান উপদেষ্টার নির্দেশে শুক্রবার সকাল ৮টায় বাংলাদেশ বিমান বাহিনীর একটি পরিবহন বিমান ১১ দশমিক ২২৭ টন ত্রাণসামগ্রী নিয়ে কাবুলের উদ্দেশে রওনা হয়। ত্রাণের মধ্যে রয়েছে তাঁবু, কম্বল, শীতবস্ত্র, বোতলজাত পানি, শুকনো খাবার, বিস্কুট, দুধের গুঁড়া, নুডলস, কাপড় ও জরুরি ওষুধ। বিমানটি ছাড়ার আগে সশস্ত্র বাহিনী বিভাগের অপারেশন ও পরিকল্পনা পরিদপ্তরের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. আলীমুল আমীন সাংবাদিকদের ব্রিফ করেন। এ সময় সশস্ত্র বাহিনী বিভাগ, বিমান বাহিনী, পররাষ্ট্র মন্ত্রণালয় ও গণমাধ্যমের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। আইএসপিআর আশা প্রকাশ করেছে, বাংলাদেশের পাঠানো এ সহায়তা আফগানিস্তানের ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত মানুষের দুঃখ-দুর্ভোগ লাঘবে কার্যকর ভূমিকা রাখবে। সংস্থাটি আরও জানিয়েছে, বৈশ্বিক যেকোনো মানবিক সংকটে সরকারের নির্দেশনা অনুযায়ী ভবিষ্যতেও সশস্ত্র বাহিনী সহায়তায় অঙ্গীকারবদ্ধ থাকবে। উল্লেখ্য, গত ৩১ আগস্ট স্থানীয় সময় রাত ১১টা ৪৭ মিনিটে আফগানিস্তানের পূর্বাঞ্চলে ৬ মাত্রার শক্তিশালী ভূমিকম্প আঘাত হানে। এতে এ পর্যন্ত কমপক্ষে ২ হাজার ২০৫ জন নিহত এবং ৩ হাজার ৬৪০ জন আহত হয়েছেন। ধসে পড়েছে আট হাজারেরও বেশি ঘরবাড়ি।

## চট্টগ্রাম বন্দরের এনসিটি বিদেশিদের হাতে তুলে দিতে দেবো না : এম এম আকাশ

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি) চট্টগ্রাম জেলার ১৩তম সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে বিশিষ্ট অর্থনীতিবিদ ও সিপিবির কেন্দ্রীয় কমিটির সদস্য এম এম আকাশ বলেছেন, নিউমুরিং কনটেইনার টার্মিনাল (এনসিটি) বিদেশিদের হাতে তুলে দেওয়া যাবে না। তিনি বলেন, "আমাদের দেহে এক ফোঁটা রক্ত থাকা পর্যন্ত আমরা এ দেশের বন্দর ও সম্পদ সাম্রাজ্যবাদের হাতে তুলে দেবো না।" শুক্রবার (৫ সেপ্টেম্বর) সকালে নগরীর চেরাগী মোড় চত্বরে আয়োজিত সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথির বক্তব্যে এম এম আকাশ আরও বলেন, "আমাদের দেশে দীর্ঘদিন গণতন্ত্র ছিল না, ছিল স্বৈরাচার। মুক্তিযুদ্ধের নেতৃত্বদানকারী দলের উত্তরসূরীরাও রাজাকারদের সঙ্গে আপস করেছে। এক দখলদারের পরিবর্তে আরেক দখলদারের দিকে দেশকে ঠেলে দেওয়া হচ্ছে।" তিনি শ্রমিক, কৃষক ও ছাত্র-জনতাকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে বলেন, "যে যায় লঙ্কায়, সে-ই হয় রাবণড়এ ইতিহাস এখন পাল্টে দিতে হবে। লঙ্কায় জনগণের শাসন প্রতিষ্ঠা করতে হবে।" অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিপিবি চট্টগ্রাম জেলার সভাপতি অশোক সাহা। উদ্বোধনী পর্বে জাতীয় পতাকা উত্তোলন করেন এম এম আকাশ এবং পার্টির পতাকা উত্তোলন করেন অশোক সাহা। এসময় জাতীয় সংগীত পরিবেশন করে পার্টির সংস্কৃতি শাখা। সম্মেলনে আরও বক্তব্য রাখেন সিপিবির কেন্দ্রীয় সদস্য মৃণাল চৌধুরী ও জেলা সাধারণ সম্পাদক মোহাম্মদ জাহাঙ্গীর। সঞ্চালনা করেন জেলা সহকারী সাধারণ সম্পাদক নুরুচ্ছাফা ভূঁইয়া। উদ্বোধনী অধিবেশন শেষে লাল পতাকার মিছিল নগরীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। পরে কাজীর দেউড়ির একটি কমিউনিটি সেন্টারে সম্মেলনের দ্বিতীয় অধিবেশন শুরু হয়।

## মেসি আর্জেন্টিনার জার্সিতে শেষ ম্যাচ দিয়ে বিশ্ব রেকর্ড গড়লেন

সূর্যোদয় প্রতিবেদন

আর্জেন্টিনার ফুটবল জগতে এক যুগান্তকারী মুহূর্তে দেখা গেল লিওনেল মেসিকে। ভেনেজুয়েলার বিপক্ষে বিশ্বকাপ বাছাইয়ের ম্যাচে ঘরের মাঠে নিজের শেষ প্রতিযোগিতামূলক ম্যাচ খেলেছেন আর্জেন্টিনার অধিনায়ক। ম্যাচ শুরুর আগে ওয়ার্মআপের সময় চোখের কোণে জল দেখা গেলেও, মাঠে নামার সঙ্গে সঙ্গে মেসি শুধু হাসিমুখে খেলায় মন দিয়েছেন। মাঠে নামার সঙ্গে সঙ্গে মেসি নিজের এক অনন্য বিশ্ব রেকর্ড গড়েন। এর আগে বিশ্বকাপ বাছাইয়ে সর্বোচ্চ ম্যাচ খেলার রেকর্ড এককভাবে ইকুয়েডরের ইভান হুর্তাদোরের দখলে ছিল। আর্জেন্টাইন সংবাদমাধ্যম টিওয়াইসি স্পোর্টসের তথ্যমতে, মেসি ভেনেজুয়েলার বিপক্ষে ম্যাচটি খেলেন ৭২তম, যা বিশ্বকাপ বাছাইয়ে সর্বোচ্চ ম্যাচের রেকর্ডে নতুন নাম লেখায়। এর মধ্যে ৪৫টি ম্যাচ তিনি ঘরের মাঠে খেলেছেন, ৪০টিতে জয়, ২০টিতে ড্র এবং ১২টিতে হার করেছেন। মাঠে জোড়া গোল করার পাশাপাশি মেসি মাঠের রণনীতি ও খেলায় দারুণ নেতৃত্ব প্রদর্শন করেছেন। ম্যাচ শেষে ২০২৬ বিশ্বকাপে তার খেলার সম্ভাবনা নিয়েও প্রশ্নের মুখোমুখি হন তিনি। মেসি বলেন, "আগেও বলেছি, হয়তো আর কোনো বিশ্বকাপ খেলব না। বয়সের কারণে সেটা স্বাভাবিক। তবে আমরা প্রায় পৌঁছে গেছি, তাই খেলার সম্ভাবনা আছে। আমি সবকিছু দিন ধরে দেখি, শরীর কেমন যাচ্ছে সেটা বুঝে সিদ্ধান্ত নিই। ভালো থাকলে উপভোগ করি, আর ভালো না লাগলে খেলাটা আমার জন্য কষ্টের হয়ে যায়। তখন মাঠে না থাকাই ভালো। তাই দেখা যাক সামনে কী হয়।" মেসির এই রেকর্ড ও আবেগময় মুহূর্ত ফুটবলপ্রেমীদের মনে দীর্ঘসময় স্মরণীয় হয়ে থাকবে।

## পাঁচ দিনে তৃতীয় ভূমিকম্প, আফগানিস্তানে মৃত্যু ছাড়াল ২২০০

সূর্যোদয় প্রতিবেদন

মাত্র পাঁচ দিনের ব্যবধানে তৃতীয় দফায় ভয়াবহ ভূমিকম্পে কেঁপে উঠেছে আফগানিস্তান। বৃহস্পতিবার (৪ সেপ্টেম্বর) স্থানীয় সময় রাত ৮টা ৫৬ মিনিটে দেশটির দক্ষিণপূর্বাঞ্চলে ভূমিকম্পটি আঘাত হানে। এতে নতুন করে আতঙ্ক ছড়িয়ে পড়লেও ক্ষয়ক্ষতির তাৎক্ষণিক পূর্ণাঙ্গ তথ্য মেলেনি।

দেশটির ইতিহাসে অন্যতম প্রাণঘাতী ভূমিকম্প আঘাত হানে গত রোববার। ওই কম্পনে মৃতের সংখ্যা বেড়ে ইতোমধ্যে ২ হাজার ২০০ ছাড়িয়েছে বলে নিশ্চিত করেছে তালেবান প্রশাসন। এছাড়া আহত হয়েছেন অন্তত ৩ হাজার ৬০০ জন। পাহাড়ি দুর্গম এলাকায় উদ্ধারকাজ চলমান থাকায় ধ্বংসস্তূপের নিচে আরও মরদেহ আটকে থাকতে পারে বলে আশঙ্কা করছে জাতিসংঘ। কর্তৃপক্ষ জানায়, তিন দফা ভূমিকম্পে এখন পর্যন্ত ৬ হাজার ৭০০-র বেশি বাড়িঘর সম্পূর্ণ ধ্বংস হয়েছে। ক্ষতিগ্রস্ত হয়েছেন অন্তত ৮৪ হাজার মানুষ। অনেক গ্রামে হতাহতের সংখ্যা মোট জনসংখ্যার দুই-তৃতীয়াংশ ছাড়িয়েছে, এমনকি কোনো কোনো গ্রামে ৯৮ শতাংশ ঘরবাড়িই ধসে পড়েছে বা আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। জার্মান রিসার্চ সেন্টার ফর জিওসায়েন্স ভূমিকম্পের মাত্রা জানিয়েছে ৬ দশমিক ২, তবে বিবিসির প্রতিবেদন অনুসারে মাত্রা ছিল ৫ দশমিক ৬। ভূমিকম্পটির উৎপত্তিস্থল ছিল মাটির প্রায় ১০ কিলোমিটার গভীরে, পাকিস্তান সীমান্তঘেঁষা শিওয়া জেলায়। মঙ্গলবারের দ্বিতীয় দফা ভূমিকম্পে পাহাড় থেকে রাস্তায় পাথর গড়িয়ে পড়ায় অনেক গ্রাম বিচ্ছিন্ন হয়ে যায়, ফলে উদ্ধার তৎপরতা বাধাগ্রস্ত হয়। এখনও বহু মানুষ ধ্বংসস্তূপে চাপা পড়ে আছে বলে আশঙ্কা করা হচ্ছে।

রয়টার্সের প্রচারিত ভিডিওচিত্রে দেখা গেছে, দুর্গম পাহাড়ি গ্রামগুলোতে ত্রাণ নিয়ে ছুটছে ময়দাভর্তি ট্রাক। যেখানে হেলিকপ্টার নামতে পারেনি, সেখানে আকাশপথে নামানো হচ্ছে কমান্ডো সদস্যদের। আফগানিস্তানের বর্তমান সংকটকে মানবিক বিপর্যয় হিসেবে আখ্যা দিয়েছে জাতিসংঘ। ইতোমধ্যে জাতিসংঘ ও একাধিক আন্তর্জাতিক সংস্থা জরুরি খাদ্য, ওষুধ, চিকিৎসা সরঞ্জাম ও আশ্রয়ের জন্য সহায়তা পাঠানোর আহ্বান জানিয়েছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা জানিয়েছে, অন্তত ৩০ লাখ ডলারের অর্থঘাটতি রয়েছে। জরুরি ওষুধ ও ট্রমা কিট সরবরাহ বজায় রাখতে এই অর্থ এখন অত্যন্ত প্রয়োজন। জাতিসংঘের বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) জানিয়েছে, তাদের হাতে ত্রাণ রয়েছে মাত্র চার সপ্তাহের জন্য। ভূমিকম্পে জীবিত অনেকে আশ্রয়হীন হয়ে খোলা আকাশের নিচে দিন কাটাচ্ছেন। দাতা সংস্থাগুলো বলছে, প্রয়োজনের তুলনায় ত্রাণের জোগান অত্যন্ত অপ্রতুল। এরই মধ্যে আসন্ন শীতকালকে সামনে রেখে নতুন সংকট তৈরি হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। ৪ কোটি ২০ লাখ জনসংখ্যার যুদ্ধবিধ্বস্ত, দারিদ্র্য পীড়িত এবং আন্তর্জাতিক সহায়তা থেকে ক্রমশ বিচ্ছিন্ন হয়ে পড়া আফগানিস্তান এখন ভয়াবহ মানবিক সংকটের মুখোমুখি।